# UGC NET & SET

# BENGALI PYQ BOOK

**২০১৯ থেকে ২০২৬ পর্যন্ত UGC NET ও WB SET বাংলা প্রশ্ন সমাধান সম্ভার।**




| | | | | | |
|---|---|---|---|---|---|
| Includes **2019-2026** সমাধান সহ | **2600+** PYQ | **১০টি** ইউনিটের টপিকভিত্তিক বিন্যাস | **৬টি** পূর্ণাঙ্গ প্র্যাকটিস সেট | জুন **২০২৬** আপডেট সংস্করণ | **১৫টি** UGC NET **৬টি** WB SET |

BAIO Learn Togedher

**By BAIO - Learn Together**

# BAIO BENGALI PYQ BOOK FOR UGC NET & SET

**সম্পাদনা:** BAIO Learn Together

**ISBN: 978-81-685494-6-3**

**কপিরাইট:** © BAIO Learn Together, 2026

**প্রথম সংস্করণ:** ০৭ এপ্রিল, ২০২৬, **প্রথম সংস্করণ:** ১৯ সেপ্টেম্বর, ২০২৬

**প্রকাশনা বিবরণ:**

**প্রকাশক:** BAIO PUBLICATION

**বর্ণ সংস্থাপনা ও মুদ্রণ:** BAIO

**প্রচ্ছদ নকশা:** BAIO

**বিঃদ্রঃ**

এই বইটি UGC NET/WB SET পরীক্ষার প্রস্তুতির জন্য বিশেষভাবে তৈরি করা হয়েছে। বইটির কোনো অংশই অনুমতি ছাড়া অন্য কারো সঙ্গে শেয়ার, স্ক্যান, ফটোকপি বা ডিজিটাল পদ্ধতিতে প্রকাশ করা যাবে না। ভারতীয় **Copyright Act, 1957** এবং **সাইবার ক্রাইম আইন** অনুযায়ী, বইটির অবৈধ ব্যবহারের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে।

℗ All rights reserved. No part of this publication may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means (electronic, mechanical, photocopying, recording, or otherwise) without the prior written permission of the copyright holder.

**যোগাযোগ:**

**BAIO Learn Together**

**অ্যাপ:** BAIO Learn Together

**ফোন:** +91 912366 9664

**ইমেইল:** bengaliallione@gmail.com

**ওয়েবসাইট:** www.bengaliallinone.com

**℗ সর্বস্বত্ব সংরক্ষিত**

এই প্রকাশনার কোনো অংশই প্রকাশক ও কপিরাইট ধারকের পূর্বানুমতি ছাড়া পুনরুৎপাদন, সংরক্ষণ বা কোনো মাধ্যমে প্রেরণ করা যাবে না।

ISBN: 978-81-685494-6-3

# সূচি


| টপিক | পৃষ্ঠা | টপিক | পৃষ্ঠা |
|---|---|---|---|
| **বিশেষ নির্দেশিকা: ট্রেন্ড অ্যানালিসিস ও সাফল্যের রণকৌশল** | ৪ | **ইউনিট-২: প্রাগাধুনিক বাংলা সাহিত্য - PYQ ট্রেন্ডিং** | ১৯ |
| **ইউনিট ১: বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ – PYQ ট্রেন্ডিং** | ৫ | UNIT - 2: **বিষয়ভিত্তিক প্রশ্নোত্তর** (PYQ) | |
| UNIT - 1: **বিষয়ভিত্তিক প্রশ্নোত্তর** (PYQ) | | ১. চর্যাপদ | ২০ |
| ১. প্রাচীন, মধ্য ও নব্য ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্য | ৬ | ২. শ্রীকৃষ্ণকীর্তন | ২২ |
| ২. বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস | ৯ | ৩. বৈষ্ণব পদাবলী | ২৪ |
| ৩. প্রাচীন, মধ্য ও আধুনিক বাংলা ভাষার বিবর্তন | ৯ | ৪. বিজয়গুপ্ত – মনসামঙ্গল (নরখণ্ড) | ২৬ |
| ৪. বাংলা ভাষার আঞ্চলিক উপভাষা | ১০ | ৫. কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী- চণ্ডীমঙ্গল (বণিকখণ্ড) | ২৭ |
| ৫. বাংলা ভাষার ধ্বনিতত্ত্ব; স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ | ১১ | ৬. রামেশ্বর ভট্টাচার্য - শিবায়ন (চাষপালা) | ২৯ |
| ৬. অক্ষরের গঠনপ্রকৃতি | ১৩ | ৭. ভারতচন্দ্র - অন্নদামঙ্গল (১ম খণ্ড) | ২৯ |
| ৭. ধ্বনিপরিবর্তন | ১৩ | ৮. বৃন্দাবনদাস- চৈতন্যভাগবত (আদিখন্ড) | ৩১ |
| ৮. বাংলা ভাষার রূপতত্ত্ব; সন্ধি | ১৪ | ৯. কৃষ্ণদাস কবিরাজ – চৈতন্যচরিতামৃত (মধ্যলীলা) | ৩২ |
| ৯. সমাস | ১৪ | ১০. মালাধর বসু - শ্রীকৃষ্ণবিজয় | ৩৩ |
| ১০. প্রত্যয় | ১৪ | ১১. কৃত্তিবাস - রামায়ণ (আদিকাণ্ড, লঙ্কাকাণ্ড) | ৩৪ |
| ১১. বিভক্তি | ১৪ | ১২. কাশীরাম দাস - মহাভারত | ৩৫ |
| ১২. লিঙ্গ | ১৫ | ১৩. দৌলতকাজী- লোরচন্দ্রাণী | ৩৭ |
| ১৩. বচন | ১৫ | ১৪. আলাওল - পদ্মাবতী | ৩৭ |
| ১৪. পদপরিচয় | ১৫ | ১৫. শাক্ত পদাবলী | ৩৮ |
| ১৫. বাংলা শব্দভান্ডার | ১৫ | ১৬. ময়মনসিংহ গীতিকা | ৩৯ |
| ১৬. শব্দার্থ পরিবর্তনের ধারা | ১৭ | উত্তরপত্র (Answer Key) | ৪০ |
| উত্তরপত্র (Answer Key) | ১৮ | **ইউনিট-৪: নকশা ও উপন্যাস - PYQ ট্রেন্ড অ্যানালিসিস** | ৬০ |
| **ইউনিট-৩: কাব্য-কবিতা – PYQ ট্রেন্ড অ্যানালিসিস** | ৪১ | Unit - IV: **বিষয়ভিত্তিক প্রশ্নোত্তর** (PYQ) | |
| Unit: III: **বিষয়ভিত্তিক প্রশ্নোত্তর** (PYQ) | | ১. কালীপ্রসন্ন সিংহ - হুতোম প্যাঁচার নকশা | ৬১ |
| ১. ঈশ্বরচন্দ্র গুপ্ত | ৪২ | ২. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় - বিষবৃক্ষ | ৬৩ |
| ২. মধুসূদন দত্ত — মেঘনাদবধকাব্য | ৪৩ | ৩. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় - শ্রীকান্ত ১ম পর্ব | ৬৫ |
| ৩. বিহারীলাল — সাধের আসন | ৪৬ | ৪. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় - পথের পাঁচালী | ৬৬ |
| ৪. কামিনী রায় | ৪৮ | ৫. মানিক বন্দ্যোপাধ্যায় - পুতুলনাচের ইতিকথা | ৬৮ |
| ৫. নজরুল ইসলাম | ৪৮ | ৬. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়— রাধা | ৭১ |
| ৬. জীবনানন্দ দাশ | ৪৯ | ৭. সতীনাথ ভাদুড়ী— ঢোঁড়াই চরিত মানস | ৭২ |
| ৭. বিষ্ণু দে | ৫১ | ৮. শরদিন্দু বন্দ্যোপাধ্যায়—তুঙ্গভদ্রার তীরে | ৭৪ |
| ৮. সুধীন্দ্রনাথ দত্ত | ৫২ | ৯. অদ্বৈত মল্লবর্মণ - তিতাস একটি নদীর নাম | ৭৬ |
| ৯. অমিয় চক্রবর্তী | ৫৩ | ১০. আশাপূর্ণা দেবী - প্রথম প্রতিশ্রুতি | ৭৮ |
| ১০. সমর সেন | ৫৫ | ১১. অমিয়ভূষণ মজুমদার – নির্বাস | ৭৯ |
| ১১. সুভাষ মুখোপাধ্যায় | ৫৬ | উত্তরপত্র (Answer Key) | ৮১ |
| ১২. শক্তি চট্টোপাধ্যায় | ৫৭ | **ইউনিট ৬: নাটক ও প্রহসন – PYQ ট্রেন্ড অ্যানালিসিস** | ৯৯ |
| ১৩. কবিতা সিংহ | ৫৭ | UNIT - 6: **বিষয়ভিত্তিক প্রশ্নোত্তর** (PYQ) | |
| ১৪. সামগ্রিক | ৫৮ | ১. একেই কি বলে সভ্যতা – মাইকেল মধুসূদন দত্ত | ১০০ |
| উত্তরপত্র (Answer Key) | ৫৯ | ২. জমীদার দর্পণ – মীর মোশাররফ হোসেন | ১০২ |
| **ইউনিট-৫: ছোটগল্প - PYQ ট্রেন্ড অ্যানালিসিস ও স্টাডি গাইড** | ৮২ | ৩. জনা – গিরিশচন্দ্র ঘোষ | ১০৩ |
| UNIT - 5: **বিষয়ভিত্তিক প্রশ্নোত্তর** (PYQ) | | ৪. সাজাহান – দ্বিজেন্দ্রলাল রায় | ১০৪ |
| ১. প্রভাতকুমার— কুড়ানো মেয়ে, বিবাহের বিজ্ঞাপন | ৮৩ | ৫. নবান্ন – বিজন ভট্টাচার্য | ১০৫ |
| ২. বনফুল— শ্রীপতি সামন্ত, হৃদয়েশ্বর মুখুজ্জে | ৮৪ | ৬. প্রথম পার্থ – বুদ্ধদেব বসু | ১০৭ |
| ৩. প্রেমেন্দ্র মিত্র – মশা (ঘনাদা), সংসার সীমান্তে | ৮৪ | ৭. চাঁদবণিকের পালা – শম্ভু মিত্র | ১০৯ |
| ৪. পরশুরাম - শ্রী শ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড, উলটপুরাণ | ৮৫ | ৮. টিনের তলোয়ার – উৎপল দত্ত | ১১০ |
| ৫. নরেন্দ্রনাথ মিত্র - চোর, রস | ৮৭ | ৯. বাকি ইতিহাস – বাদল সরকার | ১১৩ |
| ৬. সুবোধ ঘোষ - ফসিল, সুন্দরম | ৮৭ | ১০. সিংহাসনের ক্ষয়রোগ – মোহিত চট্টোপাধ্যায় | ১১৪ |
| ৭. কমলকুমার মজুমদার - মতিলাল পাদরী, নিম অন্নপূর্ণা | ৮৯ | ১১. সামগ্রিক | ১১৫ |
| ৮. সমরেশ বসু - স্বীকারোক্তি, শহীদের মা | ৯০ | উত্তরপত্র (Answer Key) | ১১৫ |
| ৯. জ্যোতিরিন্দ্র নন্দী— সমুদ্র, গিরগিটি | ৯০ | **ইউনিট-৮: রবীন্দ্রসাহিত্য – PYQ ট্রেন্ড অ্যানালিসিস** | ১৩৬ |

| | | | |
|---|---|---|---|
| ১০. বিমল কর— জননী, ইঁদুর | ৯১ | **ইউনিট- ৮: বিষয়ভিত্তিক প্রশ্নোত্তর (PYQ)** | |
| ১১. মতি নন্দী— আত্মভুক, শবাগার | ৯২ | ১. চিত্রা (কাব্য) | ১৩৭ |
| ১২. সন্তোষকুমার ঘোষ - দ্বিজ, কানাকড়ি | ৯৩ | ২. পুনশ্চ (কাব্য) | ১৩৮ |
| ১৩. লীলা মজুমদার - পদিপিসির বর্মিবাক্স, পেশাবদল | ৯৩ | ৩. নবজাতক (কাব্য) | ১৩৯ |
| ১৪. মহাশ্বেতা দেবী - দ্রৌপদী, জাতুধান | ৯৪ | ৪. ঘরে-বাইরে | ১৪০ |
| ১৫. সুনীল গঙ্গোপাধ্যায় | ৯৪ | ৫. চতুরঙ্গ | ১৪৩ |
| ১৬. সৈয়দ মুস্তাফা সিরাজ - বাদশা, গোহ্ন | ৯৫ | ৬. ছোটগল্প | ১৪৪ |
| ১৭. ছোটোগল্প সামগ্রিক (Cross-Topic Questions) | ৯৬ | ৭. অচলায়তন | ১৪৬ |
| উত্তরপত্র (Answer Key Chart) | ৯৮ | ৮. মুক্তধারা | ১৪৮ |
| **ইউনিট ৭: প্রবন্ধ, - PYQ গাইড** | ১১৬ | ৯. প্রবন্ধ | ১৪৯ |
| UNIT - 7: **বিষয়ভিত্তিক প্রশ্নোত্তর (PYQ)** | | ১০. ভ্রমণসাহিত্য— জাপানযাত্রী | ১৫৩ |
| ১. রামমোহন - সহমরণ বিষয়ক প্রবর্তক নিবর্তকের সম্বাদ | ১১৭ | ১১. আত্মজীবনী- জীবনস্মৃতি | ১৫৪ |
| ২. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | ১১৮ | উত্তরপত্র (Answer Key) | |
| ৩. স্বামী বিবেকানন্দ - প্রাচ্য ও পাশ্চাত্য | ১২০ | **ইউনিট - ১০: ভারতীয় ও পাশ্চাত্য কাব্যতত্ত্ব – PYQ ট্রেন্ড** | ১৭৩ |
| ৪. হরপ্রসাদ শাস্ত্রী | ১২১ | **ইউনিট- ১০: বিষয়ভিত্তিক প্রশ্নোত্তর (PYQ)** | |
| ৫. রামেন্দ্রসুন্দর ত্রিবেদী | ১২১ | ১. অলঙ্কারবাদ | ১৭৪ |
| ৬. প্রমথ চৌধুরী | ১২২ | ২. রীতিবাদ | ১৭৬ |
| ৭. অবনীন্দ্রনাথ ঠাকুর | ১২৪ | ৩. রসবাদ | ১৭৬ |
| ৮. অন্নদাশঙ্কর রায় | ১২৬ | ৪. ধ্বনিবাদ | ১৭৮ |
| ৯. বুদ্ধদেব বসু | ১২৭ | ৫. চিত্রকাব্য | ১৭৯ |
| ১০. আবু সয়ীদ আইয়ুব | ১২৯ | ৬. ঔচিত্যবাদ | ১৭৯ |
| ১১. রাসসুন্দরী দাসী (আমার জীবন) | ১৩০ | ৭. বক্রোক্তিবাদ | ১৭৯ |
| ১২. সাময়িকপত্র | ১৩২ | ৮. উজ্জ্বলনীলমণি: নায়কভেদে প্রকরণ | ১৭৯ |
| উত্তরপত্র (Answer Key Chart) | ১৩৫ | ৯. উজ্জ্বলনীলমণি: হরিপ্রিয়া প্রকরণ | ১৮০ |
| **ইউনিট-৯: ছন্দ ও অলংকার - PYQ ট্রেন্ড অ্যানালিসিস** | ১৫৭ | ১০. উজ্জ্বলনীলমণি: নায়িকাভেদ প্রকরণ | ১৮১ |
| Unit - IX: **বিষয়ভিত্তিক প্রশ্নোত্তর (PYQ)** | | ১১. উজ্জ্বলনীলমণি: শৃঙারভেদ প্রকরণ | ১৮২ |
| ১. বাংলা ছন্দের উদ্ভব ও ক্রমবিকাশ | ১৫৮ | ১২. অ্যারিস্টটল - পোয়েটিক্স | ১৮৩ |
| ২. বাংলা ছন্দের রূপরীতি ও রূপবৈচিত্র্য | ১৫৮ | উত্তরপত্র (Answer Key) | ১৮৭ |
| ৩. বাংলা ছন্দের পরিভাষা – পরিচয় | ১৬১ | Full Set – 1: UGC NET December 2025 | ২০২ |
| ৪. বাংলা ছন্দচর্চার ইতিহাস | ১৬৪ | উত্তরপত্র (Answer Key) | ২১১ |
| ৫. শব্দালংকার | ১৬৬ | Full Set – 2: UGC NET June 2025 | ২১১ |
| ৬. অর্থালঙ্কার প্রথম পর্ব | ১৬৬ | উত্তরপত্র (Answer Key) | ২২১ |
| ৭. অলংকার দ্বিতীয় পর্ব | ১৬৮ | Full Set – 3: UGC NET June (August) 2024 | ২২১ |
| উত্তরপত্র (Answer Key) | ১৭১ | উত্তরপত্রের চার্ট (Answer Key Chart) | ২৩২ |
| **'আনসিন প্যাসেজ' বা বোধপরীক্ষা - কৌশলগত গাইড** | ১৮৯ | Full Set – 4: UGC NET December 2023 | ২৩২ |
| UGC NET June 2026 (প্যাসেজ ১ ও ২) | ১৯০ | উত্তর-তালিকাও (Answer Key Chart) | ২৪৩ |
| UGC NET DECEMBER 2025 (প্যাসেজ ১ ও ২) | ১৯১ | Full Set – 5: 27th WB SET 2027 | ২৪৩ |
| UGC NET JUNE 2025 (প্যাসেজ ১ ও ২) | ১৯৩ | উত্তরপত্র (Answer Key) | ২৪৯ |
| UGC NET DECEMBER 2024 (প্যাসেজ ১ ও ২) | ১৯৪ | Full Set – 6 UGC NET JUNE 2026 | ২৪৯ |
| UGC NET JUNE 2023 (প্যাসেজ ১ ও ২) | ১৯৫ | উত্তরপত্র (Answer Key) | ২৬০ |
| UGC NET DECEMBER 2023 (প্যাসেজ ১ ও ২) | ১৯৭ | UGC NET DEC 2021 + J 2022 S-2 (প্যাসেজ ১ ও ২) | ২০০ |
| UGC NET DEC 2021 + J 2022 S-1 (প্যাসেজ ১) | ১৯৮ | (UGC NET) আনসিন প্যাসেজ উত্তরপত্র (Answer Key) | ২০১ |


Copyright © 2026 BAIO Learn Together. All Rights Reserved. | Download App for Class, Mock Test, Note, PYQ etc | |

# UGC NET & WB SET

# BENGALI PYQ BOOK

## 2019 - 2026

**সফলতার জন্য সঠিক প্রস্তুতি, এক বইতেই সব কিছু!**




### 2019-2026 পর্যন্ত সাজানো প্রশ্ন সমাধান

UGC NET & WB SET এর সাম্প্রতিক প্রশ্ন সংকলন

### ১০টি ইউনিটভিত্তিক বিভাগ

সমগ্র বাংলা পাঠ্যক্রম কভার, সিলেবাস অনুযায়ী সুশৃঙ্খল বিন্যাস

### PYQ Trend Analysis

বছরভিত্তিক ট্রেন্ড বিশ্লেষণ ও গুরুত্বপুর্ণ টপিক চিহ্নিতকরণ

### উত্তরপত্র (Answer Key)

প্রতিটি ইউনিটের শেষে নির্ভুল উত্তরপত্র

### বিষয়ভিত্তিক প্রশ্নোত্তর (PYQ)

প্রতিটি ইউনিটে টপিক অনুসারে সাজানো প্রশ্ন ও বিস্তারিত সমাধান

### ৬টি পুর্ণাঙ্গ অনুশীলনী সেট

পরীক্ষার ধরন অনুযায়ী পুর্ণাঙ্গ প্র্যাকটিস এর সুযোগ

### NET, SET, SLST, PSC, TET - সকলের জন্য সমানভাবে উপযোগী

প্রতিযোগিতামুলক পরীক্ষার বাংলা প্রস্তুতির একটি নির্ভরযোগ্য সঙ্গী

### জুন ২০২৬ আপডেট সংস্করণ

সাম্প্রতিক প্রশ্ন, নতুন প্যাটার্ন ও সিলেবাস অনুযায়ী আপডেটেড কন্টেন্ট

**একটি বই, আপনার NET/SET স্বপ্নের পথে নিশ্চিত সহায়ক**

# বিশেষ নির্দেশিকা: ট্রেন্ড অ্যানালিসিস ও সাফল্যের রণকৌশল

সাফল্য কোনো আকস্মিক ঘটনা নয়, বরং সঠিক পরিকল্পনা ও কঠোর পরিশ্রমের ফসল। এই বইয়ের প্রতিটি ইউনিটের শুরুতে দেওয়া বিশ্লেষণগুলি আপনাকে ইউজিসি নেট (UGC NET) এবং পশ্চিমবঙ্গ সেট (WB SET) পরীক্ষার পরিবর্তিত প্রশ্নপদ্ধতি বুঝতে সাহায্য করবে। মূল আলোচনায় প্রবেশের আগে নিচের পয়েন্টগুলি অত্যন্ত মনোযোগ সহকারে পড়ুন।

**১. মূল পাঠ্য বা টেক্সট পাঠের গুরুত্ব (Mandatory Original Text Reading)**

সিলেবাসের অন্তর্গত টেক্সট-ভিত্তিক বিষয়গুলি (যেমন: উপন্যাস, নাটক, ছোটগল্প, কাব্যগ্রন্থ ও প্রবন্ধ) পড়ার ক্ষেত্রে কোনো শর্টকাট অবলম্বন করবেন না।

- **টেক্সট পাঠ:** প্রতিটি মূল টেক্সট অন্তত ২-৩ বার খুঁটিয়ে পড়া আবশ্যিক।
- **কেন পড়বেন:** বর্তমান প্রশ্নপদ্ধতিতে আখ্যান-ক্রম সাজানো বা সূক্ষ্ম উক্তি শনাক্ত করার যে ধরণ দেখা যাচ্ছে, তা মূল টেক্সট না পড়লে আয়ত্ত করা অসম্ভব।
- **নোটের ভূমিকা:** মূল টেক্সট পড়ার পরেই কেবল BAIO Master Note বা অন্যান্য সহায়িকা ব্যবহার করুন। এতে তথ্যের প্রাসঙ্গিকতা বুঝতে এবং পরীক্ষার উপযোগী পয়েন্টগুলি মনে রাখতে সুবিধা হবে।

**২. প্রায়োরিটি বা সাজেশন সংক্রান্ত 'ডিসক্লেমার' (Disclaimer)**

এই অংশে দেওয়া 'প্রায়োরিটি ল্যাডার' (High, Medium, Low Priority) বিগত বছরগুলোর (২০১৯-২০২৫) প্রশ্নপত্রের নিবিড় গাণিতিক ও বিষয়ভিত্তিক বিশ্লেষণের ভিত্তিতে তৈরি করা হয়েছে।

- **সতর্কবার্তা:** এটি কোনো দৈববাণী বা নিশ্চিত 'কমন' পাওয়ার নিশ্চয়তা নয়। এটি কেবল একটি বৈজ্ঞানিক গাইডলাইন।
- **কখন গ্রহণ করবেন:**

১. যদি সময়ের অভাবে আপনি কোনো বিশাল ইউনিট শেষ করতে না পারেন।
২. যদি পরীক্ষার অন্তিম মুহূর্তে দ্রুত রিভিশনের প্রয়োজন হয়।
৩. যদি কোনো নির্দিষ্ট ইউনিট অত্যন্ত কঠিন মনে হওয়ার কারণে আপনি তা বাদ দেওয়ার সিদ্ধান্ত নিয়ে থাকেন।

- **পরামর্শ:** কেবল সাজেশনের ওপর ভিত্তি করে পরীক্ষায় বসা ঝুঁকিপূর্ণ। 'High Priority' টপিকগুলো আগে শেষ করে অন্যগুলোও একবার দেখে যাওয়া বুদ্ধিমানের কাজ।

**৩. নেট (NET) ও জেআরএফ (JRF) পাওয়ার স্ট্র্যাটেজিক হিসাব**

পরীক্ষায় আপনার লক্ষ্য কী, তার ওপর ভিত্তি করে প্রস্তুতির ধরণ বদলে নিতে হবে:

| লক্ষ্য | প্রস্তুতির ধরণ | ইউনিটের হিসাব |
|---|---|---|
| **সহকারী অধ্যাপক (NET)** | কৌশলগত ও বিষয়ভিত্তিক | কমপক্ষে **৭-৮টি ইউনিট** সম্পূর্ণ খুঁটিয়ে পড়তে হবে। বাকি ২-৩টি ইউনিট 'High Priority' বা সাজেশন ভিত্তিক পড়া যেতে পারে। |
| **গবেষণা ও ফেলোশিপ (JRF)** | সামগ্রিক ও নিবিড় | **১০টি ইউনিটের প্রতিটি টপিক** সমান গুরুত্ব দিয়ে পড়তে হবে। এক্ষেত্রে সাজেশন কেবল রিভিশনের জন্য ব্যবহার্য। |

- **অপরিহার্য ইউনিট:** ইউনিট ১ (ভাষাতত্ত্ব), ইউনিট ৮ (রবীন্দ্রসাহিত্য), এবং ইউনিট ৯ ও ১০ (ছন্দ-অলংকার ও কাব্যতত্ত্ব)—এই চারটি ইউনিট কোনোভাবেই সাজেশনের ওপর নির্ভর করে পড়বেন না। এগুলি তথ্য ও গাণিতিক নিয়ম নির্ভর হওয়ায় এখানে সম্পূর্ণ নম্বর পাওয়া সম্ভব।

**৪. BAIO স্ট্র্যাটেজি ও মাস্টার নোটের ব্যবহার**

বিগত বছরের ট্রেন্ড অনুযায়ী 'সামঞ্জস্য বিধান' ও 'শুদ্ধ-অশুদ্ধ' প্রশ্নের হার প্রায় ৭০% ছাড়িয়ে গেছে। এই কঠিন চ্যালেঞ্জ মোকাবিলার জন্য:

- **সারণি ও ছক:** জটিল বিবর্তন ও ভাষাতাত্ত্বিক সারণিগুলি BAIO Master Note থেকে নিয়মিত অভ্যাস করুন।
- **ব্যতিক্রমী নিয়ম:** শুদ্ধ-অশুদ্ধ বিচারের জন্য নোটে হাইলাইট করা ব্যতিক্রমী (Exceptions) পয়েন্টগুলিতে বিশেষ নজর দিন।
- **বোধপরীক্ষণ:** আনসিন প্যাসেজের দক্ষতা বাড়াতে আগে প্রশ্ন পড়ে পরে অনুচ্ছেদ পড়ার যে লজিক্যাল মেথড এই বিশ্লেষণে দেওয়া হয়েছে, তা অনুসরণ করুন।

মনে রাখবেন, প্রশ্নপত্রের গভীরে প্রবেশের চাবিকাঠি হলো নিরবচ্ছিন্ন অভ্যাস। আপনার লক্ষ্য স্থির থাকলে এবং কৌশল সঠিক হলে সাফল্য অনিবার্য।

BAIO - Learn Together

# ইউনিট ১ (বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ) – PYQ ট্রেন্ডিং ও স্টাডি গাইড

**১. ইউনিট গুরুত্ব** ইউজিসি নেট এবং সেট পরীক্ষায় 'বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ' (ইউনিট ১) একটি অত্যন্ত স্কোরিং এবং ভিত্তিপ্রস্তরস্বরূপ ইউনিট। বিগত বছরের (২০১৯-২০২৫) প্রশ্নপত্র বিশ্লেষণ করলে দেখা যায়, এই ইউনিট থেকে সর্বমোট প্রায় ১৩২টির মতো প্রশ্ন এসেছে। অর্থাৎ, প্রতি বছর নেট ও সেট মিলিয়ে গড়ে ৮-১০টি প্রশ্ন শুধুমাত্র এই একটি ইউনিট থেকেই আসে (১৬-২০ নম্বর)। এই ইউনিটের ধারণা ছাড়া প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য ভালোভাবে বোঝা কঠিন। তাই নেট পরীক্ষায় জেআরএফ (JRF) নিশ্চিত করতে এই ইউনিটের খুঁটিনাটি আয়ত্ত করা অপরিহার্য।

**২. টপিক-ভিত্তিক পরিসংখ্যান চার্ট**

বিগত বছরের (২০১৯-২০২৫) প্রশ্নপত্রের নিরিখে সিলেবাসের ১৬টি সাব-টপিকের প্রশ্নসংখ্যার একটি পরিসংখ্যান নিচে দেওয়া হলো:

| ক্র.নং | টপিকের নাম | প্রশ্নসংখ্যা | গুরুত্বের মাত্রা |
|---|---|---|---|
| ১ | প্রাচীন, মধ্য ও নব্য ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্য | ২৭টি | সর্বাধিক |
| ২ | বাংলা শব্দভাণ্ডার | ২৫টি | সর্বাধিক |
| ৩ | বাংলা ভাষার আঞ্চলিক উপভাষা | ১৬টি | অত্যধিক |
| ৪ | বাংলা ভাষার ধ্বনিতত্ত্ব (স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি) | ১৬টি | অত্যধিক |
| ৫ | ধ্বনিপরিবর্তন | ১১টি | অত্যধিক |
| ৬ | প্রাচীন, মধ্য ও আধুনিক বাংলা ভাষার বিবর্তন | ০৯টি | বেশি |
| ৭ | বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস | ০৬টি | মাঝারি |
| ৮ | পদপরিচয় | ০৬টি | মাঝারি |
| ৯ | সমাস | ০৫টি | মাঝারি |
| ১০ | বিভক্তি | ০৫টি | মাঝারি |
| ১১ | প্রত্যয় | ০৪টি | মাঝারি |
| ১২ | শব্দার্থ পরিবর্তনের ধারা | ০৪টি | মাঝারি |
| ১৩ | অক্ষরের গঠনপ্রকৃতি | ০২টি | কম |
| ১৪ | সন্ধি | ০১টি | কম |
| ১৫ | লিঙ্গ | ০১টি | কম |
| ১৬ | বচন **[যদিও সরাসরি প্রশ্ন আসেনি, তবুও ব্যাকরণগত শুদ্ধ-অশুদ্ধ বিচারের ক্ষেত্রে এর ধারণা থাকা জরুরি।]** | ০০টি | অতি কম |

**৩. প্রশ্নের ধরন বিশ্লেষণ** বিগত কয়েক বছরের প্রশ্নপত্রের ধারা বিশ্লেষণ করলে দেখা যায়, সরাসরি সাধারণ তথ্যের চেয়ে বিশ্লেষণধর্মী প্রশ্নের সংখ্যা অনেক বেশি:

- **শুদ্ধ-অশুদ্ধ (True/False):** প্রায় ৩০-৩৫%। বর্তমানে ৫টি করে মন্তব্য (A, B, C, D, E) দিয়ে কোন বিকল্পগুলোতে সবকটি শুদ্ধ, তা জানতে চাওয়া হয় (যেমন- প্রাকৃত ভাষার বৈশিষ্ট্য, স্বরধ্বনির প্রকারভেদ)।
- **সামঞ্জস্য বিধান (Matching):** প্রায় ২০-২৫%। দুটি তালিকা মিলিয়ে উত্তর করতে হয়। (যেমন- উপভাষার বৈশিষ্ট্য ও নাম, বিদেশি শব্দের উৎস, অশোকের অনুশাসনের স্থান ও প্রাকৃত ভাষার নাম)।
- **মন্তব্য-যুক্তি (Assertion-Reason):** প্রায় ১০-১৫%। ধারণার গভীরতা মাপার জন্য এই ধরনের প্রশ্ন আসে।
- **সাধারণ তথ্যমূলক (General Fact-based):** প্রায় ৩০%। সরাসরি কোনো শব্দের ব্যুৎপত্তি বা ধ্বনিপরিবর্তনের নাম জানতে চাওয়া হয়।

> ☞ *ট্রেন্ড:* বিগত বছরগুলোতে সরাসরি উত্তরের বদলে 'শুদ্ধ-অশুদ্ধ' এবং 'সামঞ্জস্য বিধান' প্রশ্নের হার জ্যামিতিক হারে বাড়ছে। মুখস্থ বিদ্যার চেয়ে ব্যাকরণ ও ভাষাতত্ত্বের তুলনামূলক পর্যালোচনাই এখন পরীক্ষকদের মূল লক্ষ্য।

**৪. বিগত বছরের পুনরাবৃত্ত পয়েন্ট**

- **অশোকের শিলালিপি ও প্রাকৃত ভাষা:** কালসী, ধৌলী, শাহবাজগঢ়ী, মানসেহরা, গীর্ণার অনুশাসনের সাথে প্রাচ্য, প্রাচ্য-মধ্যা, উত্তর-পশ্চিমা ইত্যাদি প্রাকৃত ভাষার সম্পর্ক প্রায় প্রতি বছর সামঞ্জস্য বিধানে আসে।
- **শব্দভাণ্ডারের উৎস নির্ণয়:** ৪-৫টি শব্দ দিয়ে (যেমন- তোয়ালে, পিস্তল, বোতল, কুপন) সেগুলি কোন বিদেশি ভাষার (পর্তুগিজ/ফরাসি/আরবি/তুর্কি) শব্দ, তা শনাক্ত করতে বলা হয়।
- **স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির ছক:** সম্মুখ-অর্ধবিবৃত, পশ্চাৎ-সংবৃত, কুঞ্চিত/প্রসারিত স্বরধ্বনি কিংবা নাসিক্য ও উষ্ম ব্যঞ্জনধ্বনির উচ্চারণগত অবস্থান।
- **উপভাষার বিভক্তি ও রূপ:** 'মোক', 'তোক' (কামরূপী), 'হামাক' (বরেন্দ্রী), আনুনাসিক্যের আধিক্য (ঝাড়খণ্ডী) এবং অপিনিহিতির প্রবল ব্যবহার (বঙ্গালী) বারবার জিজ্ঞাসা করা হয়।

**প্রাধান্য ক্রমানুসারে সাজেশন** (Priority Ladder) for JUNE 2026

Copyright © 2026 BAIO Learn Together. All Rights Reserved. | Download App for Class, Mock Test, Note, PYQ etc | |

| 🔥 প্রথম প্রায়োরিটি (High Priority): যে টপিকগুলি কোনোভাবেই বাদ দেওয়া যাবে না। | ⚡ দ্বিতীয় প্রায়োরিটি (Medium Priority): যেগুলি গুরুত্ব দিয়ে পড়তে হবে। | 🌟 তৃতীয় প্রায়োরিটি (Low Priority): যেগুলি থেকে প্রশ্ন আসার সম্ভাবনা কম বা খুব ভাসাভাসা পড়লে চলে। |
|---|---|---|
| ○ *প্রাচীন, মধ্য ও নব্য ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্য:* বিভিন্ন প্রাকৃত ভাষার (শৌরসেনী, মাগধী, মাহারাষ্ট্রী, পৈশাচী ইত্যাদি) তুলনামূলক ধ্বনি ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য।<br>○ *বাংলা শব্দভাণ্ডার:* আরবি, ফারসি, পর্তুগিজ, তুর্কি এবং ফরাসি শব্দের উৎস নির্ণয়।<br>○ *আঞ্চলিক উপভাষা:* রাঢ়ী, বঙ্গালী, কামরূপী, বরেন্দ্রী এবং ঝাড়খণ্ডী উপভাষার স্বাতন্ত্র্য ও রূপতাত্ত্বিক পার্থক্য।<br>○ *ধ্বনিতত্ত্ব ও ধ্বনিপরিবর্তন:* সম্মুখ/পশ্চাৎ, উচ্চ/নিম্ন স্বরধ্বনি, ঘোষ/অঘোষ ব্যঞ্জন এবং ধ্বনিপরিবর্তনের সূত্রসমূহ। | ○ *প্রাচীন, মধ্য ও আধুনিক বাংলা ভাষার বিবর্তন:* চর্যাপদ থেকে শ্রীকৃষ্ণকীর্তন হয়ে আধুনিক বাংলা পর্যন্ত রূপতাত্ত্বিক পরিবর্তন।<br>○ *সমাস, প্রত্যয়, বিভক্তি ও পদপরিচয়:* বিশেষত কৃৎ ও তদ্ধিত প্রত্যয়ের সংস্কৃত নিয়ম, কারক-বিভক্তির প্রয়োগ এবং অব্যয়ের শ্রেণিবিভাগ।<br>○ *বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস:* ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের বিভাজন এবং মূলে মাগধী অপভ্রংশ-অবহট্ঠের সম্পর্ক। | ○ *শব্দার্থ পরিবর্তনের ধারা, অক্ষরের গঠনপ্রকৃতি, সন্ধি, লিঙ্গ এবং বচন।* এই অংশগুলি থেকে প্রশ্ন খুব কম আসে, মূলত ব্যাখ্যামূলক একটি প্রশ্ন বা শুদ্ধ-অশুদ্ধের একটি বিকল্প হিসেবে থাকতে পারে। |

**৬. মেন্টর টিপস**

**তুলনামূলক ছক তৈরি:**

ভারতীয় আর্যভাষার তিন যুগের বৈশিষ্ট্য, ৫টি উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য এবং প্রাচীন-মধ্য-আধুনিক বাংলার বিবর্তনের তুলনামূলক সারণি নিজের হাতে তৈরি করুন। পরীক্ষার আগে শুধু ওই ছকটি রিভিশন করবেন।

**শব্দভাণ্ডার মনে রাখার টেকনিক:**

শব্দভাণ্ডার মুখস্থ না করে কৌশলের আশ্রয় নিন। যেমন— মাটির গন্ধযুক্ত বা ধ্বন্যাত্মক শব্দ সাধারণত 'দেশি' (ডাব, ঢোল, ঝিঙে); রান্নাঘর, গৃহস্থালি বা গির্জা সংক্রান্ত শব্দ 'পর্তুগিজ' (জানালা, তোয়ালে, পাউরুটি, আলমারি); আইন ও প্রশাসন সংক্রান্ত গুরুগম্ভীর শব্দ 'আরবি'; এবং মোলায়েম ও রাজকীয় শব্দ 'ফারসি' (দরবার, আয়না)।

**সূক্ষ্ম তথ্যে নজর:**

'শুদ্ধ-অশুদ্ধ' প্রশ্ন সমাধানের জন্য প্রতিটি ব্যাকরণিক সূত্রের ব্যতিক্রমগুলো (Exceptions) নোট করুন। যেমন, বাংলায় তিনটি শিস্ধ্বনির মধ্যে কেবল একটির উচ্চারণ, কিংবা সংযুক্ত ব্যঞ্জনে ক্ষতিপূরণ দীর্ঘীভবনের নিয়মাবলি।

**এলিমিনেশন মেথড :**

'সামঞ্জস্য বিধান' এবং 'শুদ্ধ-অশুদ্ধ' প্রশ্নের ক্ষেত্রে যে তথ্যটি সম্পর্কে আপনি ১০০% নিশ্চিত, সেটি দিয়ে বিকল্প খোঁজা শুরু করুন। এতে সময় বাঁচবে এবং ভুল হওয়ার সম্ভাবনা কমবে।

পরিশেষে, ভাষাতত্ত্ব কোনোভাবেই ভয়ের বিষয় নয়, বরং এটি অনেকটা অঙ্কের মতো। সূত্র ও নিয়মগুলো বুঝে একবার আয়ত্ত করতে পারলে এই ইউনিটে সম্পূর্ণ নম্বর পাওয়া সম্ভব।

# UNIT - 1 বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ

## ১. প্রাচীন, মধ্য ও নব্য ভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

১. প্রাচীন ভারতীয় আর্যভাষার কয়েকটি শুদ্ধ ও অশুদ্ধ রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য দেওয়া হল। শুদ্ধাশুদ্ধ বিচার করে সংকেত থেকে সঠিক উত্তরটি নির্বাচন করুন –

(a) শব্দরূপের চেয়ে ক্রিয়ারূপের বৈচিত্র্য বেশি ছিল।
(b) ক্রিয়াবিভক্তির দু রকম রূপ ছিল – পরস্মৈপদ ও আত্মনেপদ।
(c) তৃতীয়ার বহুবচনে বিভক্তি ছিল 'হি'।
(d) আ-কারান্ত, ই-কারান্ত এবং উ-কারান্ত শব্দ ছাড়া বাকি সব শব্দের রূপ অ-কারান্ত শব্দের মতো হত।

**সংকেত:**

১. শুদ্ধ, b-অশুদ্ধ, c-অশুদ্ধ, d-শুদ্ধ
২. অশুদ্ধ, b - অশুদ্ধ, c- শুদ্ধ, d- শুদ্ধ
৩. শুদ্ধ, b- শুদ্ধ, c- অশুদ্ধ, d- অশুদ্ধ

৪. অশুদ্ধ, b- শুদ্ধ, c- শুদ্ধ, d-অশুদ্ধ *[UGC NET June 2019]*

**২.** নীচে কয়েকটি শুদ্ধ অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:

(a) ইন্দো ইরাণীয় 'অই' 'অউ' ধ্বনি প্রাচীন ভারতীয় আর্য ভাষায় 'এ', 'ও' ধ্বনিতে পরিণত হয়।

(b) বৈদিক 'ঊর্ণনাভ' শব্দটি ধ্বনি পরিবর্তনের ফলে 'ঊর্ণবাভ' শব্দে রূপান্তরিত হয়।

(c) বৈদিক ভাষায় স্বরের স্থান পরিবর্তনের ফলে অর্থের পরিবর্তন হত।

(d) পাণিনি কোনো উপভাষাগত পার্থক্যের কথা বলেননি।

**প্রদত্ত সংকেত থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন:**

১. (a) এবং (b)

২. (a) এবং (c)

৩. (b) এবং (d)

৪. (c) এবং (d) *[UGC NET December 2019]*

**৩.** নীচে কয়েকটি শুদ্ধ অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:

(a) 'মৃগ' শব্দ 'উত্তরপশ্চিমায় (শাহরাজগঢ়ী) হয়েছে- মুগো।

(b) 'ভবতি' শব্দ 'দক্ষিণপশ্চিমা'র (গির্ণার) রূপ- ভবতি।

(c) 'রাজ্ঞ:' শব্দ 'প্রাচ্যমধ্যা'য় (কালসী) হয়েছে- রঞো।

(d) অশোক অনুশাসনে প্রাচ্যা ও প্রাচ্য-মধ্যার ভাষায় কোনো মিল নেই।

**প্রদত্ত সংকেত থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন:**

১. (a) এবং (d)

২. (a) এবং (b)

৩. (b) এবং (c)

৪. (b) এবং (d) *[UGC NET December 2019]*

**৪.** নীচের দুটি তালিকায় মধ্যভারতীয় আর্যভাষার প্রথম স্তর থেকে কয়েকটি দৃষ্টান্ত এবং তাদের প্রাসঙ্গিক নাম দেওয়া হল:

**প্রথম তালিকা:**

(a) দেবানং পিয়ো পিয়োদসি রাজা এবং আহ অস্তিজনা উচাবচং মংগলং করোতে

(b) দেবনং পিয় প্রিয়দশি রয় এবং অহতি জনো উচবুচং মংগলং করোতি

(c) দেবানাং পিয়ো পিয়দসি লাজা হেবং আহা মগেনু পি মে নিগোহানি

(d) অথা পজায়ে ইছামি হকং কিংতি সবেন হিতসুখেন হিদলোকিক পাললোকিকেন

**দ্বিতীয় তালিকা:**

(i) উত্তর পশ্চিমা (ii) প্রাচ্যা (iii) দক্ষিণ পশ্চিমা (iv) প্রাচ্য মধ্যা

**তালিকাদুটির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন:**

১. (a) (iii). (b) - (i). (c) - (iv). (d)-(ii)

২. (a)-(ii), (b)-(iii). (c)- (i). (d)-(iv)

৩. (a)-(iv), (b) -(ii). (c)-(iii). (d)- (i)

৪. (a)- (i). (b) - (iv). (c)-(ii). (d)- (iii) *[UGC NET December 2019]*

**৫.** নীচে মধ্যভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য অবলম্বনে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:

A. 'আত্ম' শব্দের 'আপ' রূপ কেবলমাত্র দক্ষিণ-পশ্চিমাতেই পাওয়া যায়।

B. 'সার্থ' শব্দের 'শস্ত' রূপান্তর মাগধী প্রাকৃতে পাওয়া যায়।

C. 'প্রাকৃত' শব্দের 'পাউদ' রূপান্তর পৈশাচীতে লক্ষ করা যায়।

D. 'স্বর্গ' শব্দের 'স্পগ্র' রূপান্তর উত্তর-পশ্চিমার অন্যতম বৈশিষ্ট্য।

E. 'রজত' শব্দ শৌরসেনীতে হয়েছে 'রঅঅ'।

**প্রদত্ত সংকেতে যে বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:**

১. কেবল A, C এবং E

২. কেবল B, C এবং D

৩. কেবল A, B এবং D

৪. কেবল C, D এবং E *[NET Dec 2021 + J 22 S-2]*

**৬.** নীচের যে ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য কেবল অর্ধমাগধীতেই লক্ষ করা যায়, সেটি হল:

১. স্বরমধ্যবর্তী 'ক্ষ'>স্ক

২. স্বরমধ্যবর্তী 'ক্ষ'>চ্ছ

৩. স্বরমধ্যবর্তী অসংযুক্ত ক>ত

৪. দৃতি *[UGC NET Dec 2022 S-1]*

**৭.** সাহিত্যিক প্রাকৃতের বৈশিষ্ট্য অবলম্বনে নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:

A. দ্বিবচন লুপ্ত হল। দ্বিবচনের স্থানে বহুবচনের ব্যবহার হল।

B. কেবল আত্মনেপদীর ব্যবহার লক্ষ করা গেল। পরস্মৈপদী আত্মনেপদীতে রূপান্তরিত হল।

C. সংস্কৃত মতুপ প্রত্যয় প্রাকৃতে হয়েছে 'অন্ত'।

D. ন্য, জ্ঞ যুক্তব্যঞ্জনের 'ঞঞ' রূপান্তর মাগধীর অন্যতম বৈশিষ্ট্য।

E. স্বরমধ্যবর্তী অসংযুক্ত 'চ'-এর 'ত' রূপান্তর অর্ধমাগধীর অন্যতম বৈশিষ্ট্য।

**প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:**

১. কেবল B, C এবং E

২. কেবল B, C এবং D

৩. কেবল A D এবং E

৪. কেবল A, B এবং D *[UGC NET Dec 2022 S-1]*

**৮.** তিন 'স-কারের স্থানে সাধারণত একটি ধ্বনির ব্যবহার ভারতীয় আর্য ভাষার যে স্তরের বৈশিষ্ট্য:

(A) প্রাচীন ভারতীয় আর্য

(B) মধ্য ভারতীয় আর্য

(C) নব্য ভারতীয় আর্য

(D) প্রত্ন-নব্য ভারতীয় আর্য *[24TH WB SET 2022]*

**৯.** য-ফলাযুক্ত ব্যঞ্জনধ্বনির সমীভবন ও সরলীকরণ:

(A) প্রাচ্য-মধ্যার বৈশিষ্ট্য

(B) উত্তর-পশ্চিমার বৈশিষ্ট্য

(C) অর্ধমাগধীর বৈশিষ্ট্য

(D) দক্ষিণ-পশ্চিমার বৈশিষ্ট্য *[25th WB SET 2023]*

**১০.** নীচে প্রথম তালিকায় মধ্য-ভারতীয় আর্য ভাষার প্রথম স্তরের বিভিন্ন আঞ্চলিক রূপ এবং দ্বিতীয় তালিকায় সেই রূপগুলির দৃষ্টান্ত হিসেবে অশোকের অনুশাসনের নাম দেওয়া হল:

**তালিকা ১:** A. দক্ষিণ-পশ্চিমা B. প্রাচ্য C. প্রাচ্য-মধ্যা D. উত্তর-পশ্চিমা

**তালিকা ২:** I. ধৌলী II. কালসী III. শাহবাজগঢ়ী IV. গীর্নার

**উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেতে ঠিক উত্তরটি হল:**

১. A-IV, B-I, C-II, D - III

২. A-III, B-I, C-IV, D-II

৩. A-IV, B-II, C-I, D - III

৪. A-II, B-I, C-IV, D-III *[UGC NET December 2023]*

**১১.** বৈদিক ভাষায় ক্রিয়ার ভাব ছিল:

১. পাঁচ প্রকার

২. চার প্রকার

৩. তিন প্রকার

৪. দুই প্রকার *[UGC NET December 2023]*

Copyright © 2026 BAIO Learn Together. All Rights Reserved. | Download App for Class, Mock Test, Note, PYQ etc | |

**১২.** নব্যভারতীয় আর্যভাষা সম্পর্কে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:

A. দ্বাদশ শতাব্দীর 'উক্তিব্যক্তি প্রকরণ' হল সংস্কৃত ভাষার ব্যাকরণ।

B. শৌরসেনী প্রাকৃত থেকে জাত নব্যভারতীয় আর্যভাষাগুলি চারটি শাখাতে বিভক্ত।

C. সিন্ধি ভাষা কোথাও ফারসি, কোথাও লণ্ডা লিপিতে লেখা হয়।

D. চতুর্দশ শতকে মাধব কন্দলী ওড়িয়া ভাষায় তাঁর নাটক লিখেছিলেন।

E. মারাঠি ভাষার প্রথম নিদর্শন পাওয়া যায় দ্বাদশ শতকের কয়েকটি অনুশাসনে।

**প্রদত্ত সংকেতে যে বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ সেটি হল-**

১. A, B, E Only

২. A, C, E Only

৩. B, D, E Only

৪. C, D, E Only *[UGC NET June 2024 (Aug)]*

**১৩.** শুদ্ধ-অশুদ্ধ মিলিয়ে কৃ-ধাতুর সামান্য বর্তমানের কয়েকটি রূপ দেওয়া হল:

A. বৈদিক সংস্কৃতে 'কৃণোতি'

B. শৌরসেনী প্রাকৃতে 'করোদি'

C. মহারাষ্ট্রী প্রাকৃতে কলেদি'

D. মাগধী প্রাকৃতে 'কুণই'

**রূপগুলির ঠিক বিকল্পটি চিহ্নিত করুন—**

১. A এবং B ঠিক

২. A এবং C ঠিক

৩. B এবং C ঠিক

৪. A এবং D ঠিক *[UGC NET December 2024]*

**১৪.** দ্বাদশ দ্বাদস, অন্তঃস্থ ব-ফলার এমন বর্গীয় ব-ফলায় পরিণতি ঘটেছে কোন প্রাকৃতে?

১. উত্তর-পশ্চিমা

২. মহারাষ্ট্রী

৩. দক্ষিণ-পশ্চিমা

৪. প্রাচ্যা *[UGC NET December 2024]*

**১৫.** নিচে কয়েকটি ভারতীয় ভাষার নাম উল্লেখ করা হল:

A. ছান্দস B. মগহী C. পালি D. জৈন প্রাকৃত

**প্রচলনকালের ক্রম-অনুসারে ভাষাগুলি সাজান:**

১. A, C, D, B

২. C, D, A, B

৩. C. B. D. A

৪. A, B, C, D *[UGC NET December 2024]*

**১৬.** প্রাচীন ভারতীয় আর্য ভাষায় তথা বৈদিকে ক্রিয়ার ভাব ছিল:

১. তিনটি

২. চারটি

৩. পাঁচটি

৪. ছয়টি *[UGC NET June 2025]*

**১৭.** বিভিন্ন যুক্তব্যঞ্জনের স্বচ্ছন্দ ব্যবহার প্রচলিত ছিল-

১. মধ্য ভারতীয় আর্য ভাষায়

২. ক্লাসিক্যাল সংস্কৃতে

৩. প্রাচীন ভারতীয় আর্য ভাষায়

৪. নব্য ভারতীয় আর্য ভাষায় *[UGC NET June 2025]*

**১৮.** 'অসক্তো হ্যাচরণ কর্ম পরমাপ্নোতিতি পুরুষঃ' এটি কোন স্তরের ভাষার নিদর্শন?

১. ক্লাসিক্যাল সংস্কৃত

২. বৈদিক সংস্কৃত



৩. মধ্য ভারতীয় আর্য ভাষা

৪. প্রাচীন ভারতীয় আর্য ভাষা *[UGC NET June 2025]*

**১৯.** প্রাচীন ভারতের কিছু অঞ্চল ও সেই স্থান থেকে উদ্ভূত প্রাকৃত ভাষার উল্লেখ করা হল:

**তালিক ১:** A. উত্তর-পশ্চিমা B. পশ্চিমা C. প্রাচ্য-মধ্যা D. প্রাচ্যা

**তালিকা ২:** I. শৌরসেনী ও মহারাষ্ট্রী II. মাগধী III. পৈশাচী IV. অর্ধ মাগধী

**উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে নিচে প্রদত্ত সংকেতে ঠিক বিকল্পটি হল:**

১. A -III, B -1, C-IV, D-II

২. A-III, B-II, C-IV, D-I

৩. A-IV, B-III, C-II, D-I

৪. A-IV, B-III, C-I, D-II *[UGC NET June 2025]*

**২০.** ক্লাসিক্যাল সংস্কৃতে ৯-কার-এর:

(A) বহুল ব্যবহার ছিল

(B) কেবলমাত্র একটি ক্ষেত্রে ব্যবহার ছিল

(C) কেবলমাত্র দুটি ক্ষেত্রে ব্যবহার ছিল

(D) ব্যবহার ছিল না *[27TH WB SET 2025]*

**২১.** 'ব্রাহ্মণ্য" শব্দের বমহঞো/বমহন্নো রূপান্তর নীচের যে সাহিত্যিক প্রাকৃতের অন্যতম বৈশিষ্ট্য, সেটি হল:

১. মহারাষ্ট্রী

২. শৌরসেনী

৩. মাগধী

৪. পৈশাচী *[UGC NET Dec 2022 S-1]*

**২২.** ভারতীয় আর্য ভাষার যে-রূপে স্বরাঘাতের স্থান পরিবর্তনে অর্থের পরিবর্তন হত:

(A) বৈদিক

(B) প্রাকৃত

(C) সংস্কৃত

(D) প্রত্ন-নব্য ভারতীয় আর্য *[24TH WB SET 2022]*

**২৩.** সংস্কৃত 'ম্লেচ্ছ' শব্দের 'মিলে খু'/'মিল খু'/'মিলু খু" রূপান্তর সাহিত্যিক প্রাকৃতের যে উপভাষার বৈশিষ্ট্য, সেটি হল:

১. শৌরসেনী

২. পৈশাচী

৩. মাহারাষ্ট্রী

৪. অর্ধমাগধী *[NET Dec 2021 + J 22 S-2]*

**২৪.** নীচে ভাষা বিষয়ে দুটি বিবৃতি দেওয়া হল:

বিবৃতি ১: মধ্য-ভারতীয় আর্যের দ্বিতীয় স্তরে স্বরমধ্যগত একক স্পৃষ্ট ব্যঞ্জন অল্পপ্রাণ হলে লোপ পেত এবং মহাপ্রাণ হলে 'হ' ধ্বনিতে পরিণত হত।

বিবৃতি ২: অনুনাসিকের প্রাচুর্য এবং নামধাতুর বাহুল্য ঝাড়খণ্ডী উপভাষার বৈশিষ্ট্য।

**উপরের দুটি বিবৃতির সাপেক্ষে নীচের সংকেতে ঠিক বিকল্পটি হল:**

১. উভয় বিবৃতিই ঠিক

২. বিবৃতি ১ ঠিক কিন্তু বিবৃতি ২ ভুল

৩. বিবৃতি ১ ভুল কিন্তু বিবৃতি ২ ঠিক

৪. উভয় বিবৃতিই ভুল *[UGC NET June 2023]*

**২৫.** নীচে বাংলা ভাষা বিষয়ক কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:

A. যে সব শব্দ বৈদিক বা সংস্কৃত সাহিত্যে পাওয়া যায় না ও সংস্কৃত ব্যাকরণসিদ্ধ নয় অথচ প্রাচীনকালে মৌখিক সংস্কৃতে প্রচলিত ছিল, সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাকে অসিদ্ধ তৎসম বলেছেন।

B. বাংলায় উচ্চস্বরধ্বনির নিদর্শন চারটি—'উ', 'ঊ', 'ই', 'ঈ'।
C. অস্ট্রিক ভাষা থেকে 'তাম্বুল' শব্দটি সংস্কৃত হয়ে বাংলায় এসেছে।
D. বাংলায় দন্ত্য 'ন' আসলে দন্ত্যধ্বনিই নয়, এটি দন্ত্যমূলীয়।
E. বাংলায় উভয়লিঙ্গ বা common gender না থাকলেও সন্তান, কবি প্রভৃতি শব্দ ইংরেজির প্রভাবে উভয়লিঙ্গ হিসেবে ব্যবহার করা হয়।

**প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:**

১. কেবল A, B এবং D
২. কেবল B, C এবং E
৩. কেবল A, D এবং E
৪. কেবল C, D এবং E *[NET Dec 2021 + J 22 S-2]*

**২৬.** প্রাচীন ভারতীয় আর্য ভাষায় স্বরাঘাতের স্থান পরিবর্তনের ফলে শব্দের অন্তর্গত স্বরধ্বনির যে গুণগত পরিবর্তন হত সেটি কয়টি ক্রমে বিভক্ত?

1. ৩
2. ৪
3. ৫
4. ৬ *[UGC NET DECEMBER 2025]*

**২৭.** প্রাচীন ভারতীয় আর্যভাষার বিষম ব্যঞ্জনের মিলনে গঠিত যুক্ত ব্যঞ্জনগুলি যে ভাষায় সমীভূত হয়ে সমব্যঞ্জনে গঠিত যুগ্মব্যঞ্জনে পরিণত হয়েছিল ---

1. ইন্দোইরাণীয় ভাষায়
2. ইন্দো ইউরোপীয় ভাষায়
3. মধ্যভারতীয় আর্যভাষায়
4. নব্যভারতীয় আর্যভাষায় *[UGC NET DECEMBER 2025]*

**২৮.** নিচের বয়ানগুলির যথার্থতা বিচার করে ঠিক বিকল্পটি চিহ্নিত করুন:

A. অর্ধমাগধী প্রাকৃতকে শাস্ত্রকারের বা ঋষির প্রাকৃত মনে করা হত।
B. প্রাকৃত-বৈয়াকরণেরা ভাষাটিকে আর্যপ্রাকৃত নাম দিয়েছেন।
C. অর্ধমাগধীর অসংখ্য ব্যাকরণ পাওয়া যায়।
D. অর্ধমাগধী থেকেই প্রত্ন বাংলা সৃষ্টি হয়েছে।
E. অর্ধমাগধীর দক্ষিণা-পশ্চিমা প্রত্ন প্রাকৃত থেকে উদ্ভব হয়েছে।

Options:

1. A ও B only
2. B ও C only
3. C ও D only
4. D ও E only *[UGC NET JUNE 2026]*

## ২. বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস

**১.** পৈশাচী অপভ্রংশের অন্তর্গত পাঞ্জাবি ভাষার একটি রূপ হল—

১. গুরুমুখী
২. লণ্ডা
৩. লহন্দি
৪. সিন্ধি *[UGC NET June 2024 (Aug)]*

**২.** নীচের যে অনুশাসনে বা লেখে দক্ষিণ-পশ্চিমার বৈশিষ্ট্য বর্তমান সেটি হল:

১. ধৌলি অনুশাসন
২. গিরনার অনুশাসন
৩. হাতিগুম্ফা অনুশাসন
৪. মানসেহরা অনুশাসন *[NET Dec 2021 + J 22 S-2]*

**৩.** ভারতীয় আর্যভাষার 'চ' বর্গের ধ্বনিগুলির উদ্ভব সম্পর্কে যে যাঁর ভাষা সূত্র অত্যন্ত গুরুত্বপূর্ণ তিনি হলেন –

১. গ্রিম
২. গ্রাসমান
৩. কোলিংস
৪. বেরনের *[UGC NET December 2019]*

**৪.** মাগধী প্রাকৃতের দুটি শাখা- পশ্চিমা ও পূর্বী। নীচে চারটি আধুনিক ভারতীয় ভাষার নাম উল্লেখ করা হল:

(a) বাংলা (b) মৈথিলী (c) অসমিয়া (d) ভোজপুরী

এগুলির মধ্যে যে দুটি পূর্বী শাখার অন্তর্গত:

১. (a) এবং (c)
২. (b) এবং (d)
৩. (b) এবং (a)
৪. (c) এবং (d) *[UGC NET June 2020]*

**৫.** নীচে দুটি বিবৃতি দেওয়া হল:

বিবৃতি – ১: প্রাকৃত ভাষা হচ্ছে প্রাকৃতজনের নিত্য ব্যবহৃত ভাষা।সেজন্যই এই ভাষার অস্তিত্ব প্রাচীন ভারতীয় আর্যভাষার যুগেও বর্তমান ছিল।

বিবৃতি – ২: ঋগ্বেদেও মধ্যভারতীয় আর্য অর্থাৎ প্রাকৃতের ধ্বনিতাত্ত্বিক প্রভাব লক্ষ করা গেছে।

**উপরের দুটি বিবৃতির পরিপ্রেক্ষিতে নীচের সংকেতে ঠিক উত্তরটি হল:**

১. উভয় বিবৃতিই ঠিক
২. উভয় বিবৃতিই ভুল
৩. বিবৃতি ১ ঠিক কিন্তু বিবৃতি ২ ভুল
৪. বিবৃতি ১ ভুল কিন্তু বিবৃতি ২ ঠিক *[UGC NET Dec 2022 S-1]*

**৬.** 'সুতনুকা প্রত্নলেখ' যে গুহায় আবিষ্কৃত হয়েছে:

(A) অজন্তা
(B) সীতাবেঙ্গা
(C) যোগীমারা
(D) ইলোরা *[22ND WB SET 2020]*

## ৩. প্রাচীন, মধ্য ও আধুনিক বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বিবর্তন

**১.** 'ইব' যোগে ভবিষ্যৎ কালের ক্রিয়ারূপ বাংলা ভাষার যে স্তরে শুরু হয়:

(A) প্রাচীন
(B) আদিমধ্য
(C) অন্ত্যমধ্য
(D) আধুনিক *[24TH WB SET 2022]*

**২.** সংযোজক অব্যয় হিসেবে 'ও'-এর ব্যবহার বাংলা ভাষার যে স্তরের বৈশিষ্ট্য:

(A) প্রাচীন
(B) আদিমধ্য
(C) অন্ত্যমধ্য
(D) আধুনিক *[24TH WB SET 2022]*

**৩.** নীচে প্রথম তালিকায় কয়েকটি ভাষার নাম এবং দ্বিতীয় তালিকায় কয়েকটি শব্দ উল্লেখ করা হল:

**তালিকা 1:** A. প্রাচীন ভারতীয় আর্য B. প্রাকৃত C. প্রাচীন বাংলা D. মধ্য বাংলা

**তালিকা 2:** i. আহ্মি ii. অমহে iii. অস্মাভিঃ iv. অমহাহি

**উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেতে ঠিক উত্তরটি হল:**

১. A-ii, B-i, C-iii, D-iv
২. A-iii, B-iv, C-ii, D-i
৩. A-ii, B-iv, C-i, D-iii
৪. A-iv, B-i, C-iii, D-ii *[UGC NET December 2022 S-2]*

Copyright © 2026 BAIO Learn Together. All Rights Reserved. | Download App for Class, Mock Test, Note, PYQ etc | |

**২.** 'সম্ভ্রম' শব্দের মৌলিক অর্থ ভয় পাওয়া, এখন অর্থ মান্য করা। শব্দার্থ পরিবর্তনের প্রক্রিয়ায় এটি হল:

(A) অর্থ সংশ্লেষ

(B) অর্থাবনতি

(C) অর্থের উন্নতি

(D) অর্থসংকোচ *[25th WB SET 2023]*

**৩.** আলংকারিক প্রয়োগের কারণে বাংলা শব্দের অর্থের পরিবর্তন ঘটেছে এমন একটি দৃষ্টান্ত হল—

১. আন্নাকালী

২. জলখাবার

৩. গুলমারা

৪. বিবাহ *[UGC NET June 2024 (Aug)]*

**8.** 'ধন্য' শব্দটির মৌলিক অর্থ ধনশালী, এখন অর্থ সর্বসৌভাগ্যবান। শব্দার্থ পরিবর্তনের প্রক্রিয়ায় এটি হলো:

(A) অর্থসংকোচ

(B) অর্থসম্প্রসারণ

(C) অর্থাবনতি

(D) উপরের কোনোটিই নয় *[26TH WB SET 2024]*

**৫.** 'উদো' শব্দটির প্রাচীন ও বর্তমান অর্থ বিচার করে শব্দার্থের কী ধরণের পরিবর্তন হয়েছে বলা যায়?

Options:

1. অর্থের উন্নতি
2. অর্থের অবনতি
3. অর্থের সঙ্কোচ
4. অর্থের প্রসার *[UGC NET JUNE 2026]*

## উত্তরপত্র (Answer Key)

| টপিক নম্বর | প্রশ্ন নং ও সঠিক উত্তর |
|---|---|
| **১. আর্যভাষার বৈশিষ্ট্য** | ১ (৩), ২ (২), ৩ (২), ৪ (১), ৫ (৩), ৬ (৩), ৭ (৩), ৮ (B), ৯ (B), ১০ (১), ১১ (১), ১২ (২), ১৩ (১), ১৪ (৩), ১৫ (৩), ১৬ (৩), ১৭ (৩), ১৮ (১), ১৯ (১), ২০ (B), ২১ (২), ২২ (A), ২৩ (৪), ২৪ (১), ২৫ (৪), ২৬ (১), ২৭ (৩), ২৮ (1) |
| **২. উদ্ভবের ইতিহাস** | ১ (৩), ২ (২), ৩ (৩), ৪ (১), ৫ (১), ৬ (C) |
| **৩. বাংলা বিবর্তন** | ১ (B), ২ (D), ৩ (২), ৪ (১), ৫ (৪), ৬ (১), ৭ (২), ৮ (ক), ৯ (১), ১০ (4) |
| **৪. আঞ্চলিক উপভাষা** | ১ (২), ২ (১), ৩ (ক), ৫ (১), ৬ (A), ৭ (B), ৮ (A), ৯ (B), ১০ (২), ১১ (১), ১২ (৪), ১৩ (২), ১৪ (৩), ১৫ (A), ১৬ (B), ১৭ (1) |
| **৫. ধ্বনিতত্ত্ব** | ১ (৩), ২ (৪), ৩ (২), ৪ (৪), ৫ (৩), ৬ (C), ৭ (৩), ৮ (৩), ৯ (৪), ১০ (৩), ১১ (৩), ১২ (৪), ১৩ (২), ১৪ (A), ১৫ (B), ১৬ (C), ১৭ (3) |
| **৬. অক্ষর** | ১ (২), ২ (A), ৩ (১) |
| **৭. ধ্বনিপরিবর্তন** | ১ (৪), ২ (৩), ৩ (৩), ৪ (৪), ৫ (২), ৬ (৩), ৭ (৩), ৮ (C), ৯ (D), ১০ (C), ১১ (B) |
| **৮. সন্ধি** | ১ (B) |
| **৯. সমাস** | ১ (২), ২ (২), ৩ (C), ৪ (C), ৫ (C), ৬ (2) |
| **১০. প্রত্যয়** | ১ (৩), ২ (B), ৩ (C), ৪ (১), ৫ (3), ৬ (2) |
| **১১. বিভক্তি** | ১ (৪), ২ (১), ৩ (২), ৪ (D), ৫ (২) |
| **১২. লিঙ্গ** | ১ (৩) |
| **১৪. পদপরিচয়** | ১ (৩), ২ (৩), ৩ (৪), ৪ (৩), ৫ (D), ৬ (১) |
| **১৫. শব্দভাণ্ডার** | ১ (১), ২ (৩), ৩ (৪), ৪ (গ), ৫ (ঘ), ৬ (১), ৭ (গ), ৮ (খ), ৯ (খ), ১০ (গ), ১১ (৩), ১২ (৪), ১৩ (৪), ১৪ (৩), ১৫ (C), ১৬ (D), ১৭ (C), ১৮ (A), ১৯ (৩), ২০ (৪), ২১ (৩), ২২ (৩), ২৩ (D), ২৪ (C), ২৫ (৩), ২৬ (4) |
| **১৬. শব্দার্থ পরিবর্তন** | ১ (২), ২ (C), ৩ (৩), ৪ (B), ৫ (4) |

BAIO Learn Togedher

# 'আনসিন প্যাসেজ' বা বোধপরীক্ষা - কৌশলগত গাইড

**১. প্যাসেজের প্রকৃতি ও বিষয়বস্তু** বিগত বছরের প্রশ্নপত্রে চোখ রাখলে দেখা যায়, প্যাসেজগুলি মূলত নির্দিষ্ট কয়েকটি বৌদ্ধিক ও গবেষণামূলক ক্ষেত্রের ওপর ভিত্তি করে তৈরি হয়েছে।

| বিষয়বস্তুর বৈচিত্র্য | ভাষাগত রূপ |
|---|---|
| ○ইতিহাস ও সংস্কৃতি (যেমন: প্রাচীন বঙ্গভূমির ইতিহাস, গুপ্ত যুগে তাম্রলিপি, গ্রামীণ সভ্যতা) , সাহিত্য ও সমালোচনা (যেমন: রবীন্দ্রনাথের অতিপ্রাকৃত ভাবনা, সাহিত্য পত্রিকা 'কল্লোল' বা 'কালি-কলম'-এর ইতিহাস, বাংলা ব্যাকরণ রচনার ইতিহাস) , লোকসংস্কৃতি ও নৃবিজ্ঞান (সাঁওতাল বা কোল জাতির বোঙ্গা বা দেবদেবী) এবং নন্দনতত্ত্ব বা দর্শন (যেমন: শিল্পের মৌলিক প্রেরণা, ভরতমুনির রসতত্ত্ব) থেকে প্যাসেজগুলি নির্বাচিত হয়েছে। | ○ভাষার ক্ষেত্রে 'সাধু' এবং 'চলিত'—উভয় রীতিরই উল্লেখযোগ্য উপস্থিতি রয়েছে। নন্দনতত্ত্ব বা গ্রামীণ সংস্কৃতির মতো প্রবন্ধগুলোতে তৎসম শব্দবহুল গুরুগম্ভীর সাধু ভাষার ব্যবহার দেখা যায়। অন্যদিকে, সাহিত্যের ইতিহাস বা ব্যাকরণের ইতিহাসের প্যাসেজগুলো মূলত চলিত রীতিতে লেখা। |

**২. প্রশ্নের ধরণ বিভাজন (Question Typology)** প্যাসেজ থেকে আসা প্রশ্নগুলোকে বিশ্লেষণ করলে স্পষ্টতই কয়েকটি নির্দিষ্ট ক্যাটাগরি চোখে পড়ে:

- **তথ্যমূলক (Factual):** সরাসরি অনুচ্ছেদ থেকে সাল, তারিখ, বইয়ের নাম বা চরিত্রের নাম খুঁজে বের করা (যেমন: হ্যালহেড কবে ব্যাকরণ লেখেন, বা কোন প্রত্নলিপি কোথায় পাওয়া গেছে)।
- **যুক্তি-নির্ভর (Inferential):** সরাসরি তথ্যের বদলে লেখকের বক্তব্যের অন্তর্নিহিত অর্থ খোঁজা (যেমন: শ্রেষ্ঠ শিল্পকে কেন প্রাচ্য বা পাশ্চাত্যের ছকে ফেলা যায় না)।
- **শব্দার্থ ও ব্যাকরণ (Vocabulary):** অনুচ্ছেদে ব্যবহৃত বিশেষ শব্দ বা পারিভাষিক শব্দের অর্থ নির্ণয় (যেমন: 'ভৌতিক জগৎ' বা 'সঞ্চয়ন-প্রতিভা' বলতে কী বোঝানো হয়েছে)।
- **শুদ্ধ-অশুদ্ধ ও বিবৃতিমূলক:** অনুচ্ছেদ অনুযায়ী কোন তথ্যগুলো সঠিক বা ভুল তা বিচার করা এবং বিবৃতি ও যুক্তির (Statement & Reason) মধ্যে সম্পর্ক নির্ণয় করা। **বিশ্লেষণে দেখা যাচ্ছে, এই ধরণের 'শুদ্ধ-অশুদ্ধ' নির্বাচন এবং 'বিবৃতি-যুক্তি'র প্রশ্নই বর্তমানে সবচেয়ে বেশি আসছে।**
- **সামঞ্জস্য বিধান ও ক্রমান্বয়:** অনুচ্ছেদের তথ্য অনুযায়ী তালিকা ১-এর সাথে তালিকা ২ মেলানো অথবা অবিন্যস্ত বাক্যগুলিকে সঠিক ক্রমানুসারে সাজানো।

**৩. কাঠিন্যের মাত্রা (Difficulty Level)** শিক্ষার্থীদের জন্য এই প্যাসেজগুলো সমাধানের ক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জগুলো হলো:

- **দীর্ঘ ও জটিল বাক্য:** বিশেষত সাধু ভাষায় লেখা দার্শনিক বা নন্দনতত্ত্বমূলক প্যাসেজগুলোতে (যেমন: রসতত্ত্ব বা শিল্পের সর্বজনীনতা) বাক্যের গঠন অত্যন্ত দীর্ঘ ও জটিল হয়, যা দ্রুত পড়ে অর্থ উদ্ধার করা কঠিন করে তোলে।
- **পরস্পরবিরোধী ও বিভ্রান্তিকর বিকল্প:** 'শুদ্ধ-অশুদ্ধ' এবং 'বিবৃতি-যুক্তি'র প্রশ্নে বিকল্পগুলো এমনভাবে সাজানো থাকে (যেমন: A, C ও D সঠিক নাকি B, C ও E সঠিক) যে, একটি তথ্যে সামান্য ভুল করলেই পুরো উত্তর ভুল হয়ে যায়।
- **তথ্যবহুলতা:** ইতিহাস বা সাহিত্যের প্যাসেজগুলোতে প্রচুর সাল, প্রাবন্ধিকের নাম এবং গ্রন্থের নাম থাকে, যেখান থেকে সঠিক ক্রম সাজানো যথেষ্ট সময়সাপেক্ষ।

**৪. মেন্টর স্ট্র্যাটেজি ও সমাধান কৌশল (Organic Recommendation)** পরীক্ষার হলে এই ধরণের প্যাসেজ নির্ভুলভাবে সমাধান করার জন্য কিছু নির্দিষ্ট কৌশল মেনে চলা অপরিহার্য:

**প্যাসেজ স্কিমিং (Skimming)**

পুরো প্যাসেজ শব্দ ধরে ধরে পড়ার আগে একবার দ্রুত চোখ বুলিয়ে মূল বিষয়বস্তু বুঝে নেওয়া জরুরি। দ্রুত পড়ার (Skimming) কৌশল রপ্ত করতে BAIO Test -এ দেওয়া প্র্যাকটিস প্যাসেজগুলো শিক্ষার্থীদের বিশেষভাবে সাহায্য করবে।

**লজিক্যাল এলিমিনেশন (Logical Elimination)**

শুদ্ধ-অশুদ্ধ এবং অবিন্যস্ত বাক্য সাজানোর ক্ষেত্রে সবকটি অপশন না খুঁজলেও চলে। একটি ভুল তথ্য ধরতে পারলেই অপশন থেকে এলিমিনেট করা যায়।

**পারিভাষিক শব্দার্থের ওপর জোর**

'উপচেয়', 'উপচায়ক', 'অনুকৃতি' বা 'অভিব্যক্তি'-র মতো শব্দগুলো না বুঝলে উত্তর করা কঠিন।

**৫. সময় ব্যবস্থাপনা (Time Management)** নেট বা সেট পরীক্ষায় সময়ের বিরুদ্ধে লড়াইটাই আসল। প্যাসেজ সমাধানের জন্য নিচের গাইডলাইনটি মেনে চলবে:

01
**আগে প্রশ্ন, পরে প্যাসেজ**

02
**পেন্সিল বা কার্সার পয়েন্টার ব্যবহার**

03
**সময় বণ্টন**

Copyright © 2026 BAIO Learn Together. All Rights Reserved. | Download App for Class, Mock Test, Note, PYQ etc | |

প্রথমে প্যাসেজ না পড়ে প্রশ্নগুলোতে একবার চোখ বুলিয়ে নাও। এতে প্যাসেজ পড়ার সময় কোন তথ্যগুলো (যেমন: কোনো নির্দিষ্ট সাল, লেখকের নাম বা গ্রন্থের নাম) গুরুত্বপূর্ণ, তা মস্তিষ্কে সহজেই ধরা পড়বে।

পড়ার সময় স্ক্রিনে গুরুত্বপূর্ণ কিওয়ার্ডগুলো মনে মনে মার্ক করে নাও। ক্রমান্বয়ে সাজানোর প্রশ্নগুলোর উত্তর খোঁজার সময় পুরো প্যাসেজ দ্বিতীয়বার না পড়ে শুধু কিওয়ার্ডের জায়গাগুলোতে ফিরে যাও।

একটি প্যাসেজ পড়া ও তার ৫টি প্রশ্নের উত্তর দেওয়ার জন্য ৭ থেকে ৯ মিনিটের বেশি সময় কোনোভাবেই ব্যয় করা উচিত নয়। যদি কোনো যুক্তি-নির্ভর প্রশ্ন অতিরিক্ত সময় নেয়, তবে সেটি মার্ক করে রেখে পরের প্রশ্নে এগিয়ে যাওয়াই বুদ্ধিমানের কাজ।

একজন শিক্ষার্থীর মূল লক্ষ্য হওয়া উচিত নিয়মিত অনুচ্ছেদ পাঠ ও সময় ধরে তার অনুশীলনের মাধ্যমে নিজের বিশ্লেষণী ক্ষমতাকে শানিত করা। পদ্ধতিগত প্রস্তুতি ও সঠিক কৌশলের মেলবন্ধনই এই অংশে সম্পূর্ণ নম্বর সুনিশ্চিত করতে পারে।

# Unseen passage

## UGC NET JUNE 2026

**প্যাসেজ ১**

নিচে একটি গদ্যাংশ দেওয়া হল। পরবর্তী প্রশ্নগুলির উত্তর এই গদ্যাংশ অবলম্বনে দিতে হবে:-

ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকেই বাংলা সাহিত্যে যথার্থ আধুনিকতার সূচনা হয়। পূর্ববর্তী অর্ধে যার প্রস্তুতি ও প্রয়াস, দ্বিতীয়ার্ধে তার পূর্ণ বিকাশ। পাশ্চাত্য শিক্ষাদীক্ষা, সংস্কৃতি ও ভাবাদর্শের সংঘাতের বাঙালীর মনে যে জাগরণ শুরু হল, তার প্রতিচ্ছায় পড়েছে সমকালীন সমাজ, ধর্ম ও রাষ্ট্র ব্যাপারে। বস্তুত উনিশ শতকের দ্বিতীয়ার্ধে মাত্র পঞ্চাশ বৎসরের মধ্যে বাঙালীর জীবন ও সাহিত্য, সমাজ ও সংস্কৃতির মধ্যে যে চেতনার বিস্ফোরণ অনুভূত হয়, তার পুরোটাই তদানীন্তন সাহিত্যে, বিশেষত গদ্য সাহিত্যে প্রতিফলিত হয়েছে। যেমন- রাজনৈতিক আন্দোলনের মারফতে জাতীয় জীবনের নবীন উদ্দীপনা। এই দ্বিতীয়ার্ধে মধ্যবিত্ত শিক্ষিত সম্প্রদায় ইংরেজ শাসনের প্রতি ক্রমে ক্রমে আস্থা হারিয়ে ফেলল। শাসক ইংরেজের চণ্ডমূর্তি সিপাহী বিদ্রোহে অত্যন্ত নির্মমভাবে ধরা পড়ল। নীলকর সাহেবদের অমানুষিক অত্যাচারে চব্বিশ পরগণা - যশোহর নদীয়ার শুধু কৃষাণসমাজই নয়, কলকাতার উচ্চশিক্ষিত বাঙালী সমাজনেতা, দেশনেতা, সাময়িক পত্রের কর্ণধার - সকলেই একযোগে শ্বেতাঙ্গ বর্বরতার বিরুদ্ধে রুখে দাঁড়ালেন। দেশীয় ভাষা ও ইংরেজিতে প্রকাশিত সংবাদপত্র আগুন ছড়াতে লাগল। যারা মনে করেছিলেন, 'সদাশয় ইংরাজ বাহাদুর' দূর শ্বেতদ্বীপ থেকে এসে শুধু পরহিতৈষণা ও 'কালা আদমি'র কল্যাণের জন্যই এতকষ্টে রাজ্যভার বহন করে চলেছেন, অচিরে তাঁদের সে মধুর স্বপ্নের প্রাসাদ ধসে পড়ল। যাঁরা বিশুদ্ধ সমাজ, অধ্যাত্মচেতনা প্রভৃতি নিয়ে ব্যস্ত থাকতেন, তাঁরাও রাজনৈতিক উত্তেজনাকে এড়িয়ে ফেলতে পারলেন না। কেশব সেনের 'ভারত সংস্কার সভায়' (১৮৭০) গণতন্ত্র ও স্বায়ত্তশাসন কামনা করা হয়েছিল, নবগোপাল মিত্রের 'হিন্দুমেলা' (১৮৬৭), মনোমোহন বসুর জাতীয় ও ভাবোদ্দীপক সংগীত, বঙ্কিমচন্দ্রের বঙ্গদর্শন, আধুনিক যুবকদের 'ভারতীয় বিজ্ঞান সভা' (১৮৭৬) প্রভৃতি ব্যাপারে মধ্যে বাঙালীর রাষ্ট্রচেতনার এক নবদিগন্ত উদ্ঘাটিত হল। দ্বারকানাথ বিদ্যাভূষণ (সোমপ্রকাশ), ভূদেব মুখোপাধ্যায়, যোগেশচন্দ্র বিদ্যাভূষণ প্রভৃতি সমাজনেতার আনুগত্য গ্রহণ, রঙ্গলাল-হেমচন্দ্রের স্বদেশানুরাগের কবিতা সর্বত্র নবজীবনের হৃদস্পন্দন উপলব্ধি হতে লাগল।

**১.** কোন কোন কবিদের লেখা কবিতায় স্বদেশানুরাগের সূচনা হয়েছিল?

অপশনসমূহ:

1. রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও মনোমোহন বসু
2. কেশব সেন, যোগেশচন্দ্র বিদ্যাভূষণ ও নবগোপাল মিত্র
3. দ্বারকানাথ বিদ্যাভূষণ, ভূদেব মুখোপাধ্যায় ও কেশব সেন
4. নবগোপাল মিত্র, দীনবন্ধু মিত্র ও প্যারীচাঁদ মিত্র *[UGC NET JUNE 2026]*

**২.** প্রদত্ত গদ্যাংশ পাঠ করে নিচে দুটি সারণীর মধ্যে সামঞ্জস্য বিধান করুন; উদ্যোক্তার নাম ও বিষয় দেওয়া হল:

তালিকা-I

A. ভারত সংস্কার সভা
B. হিন্দু মেলা
C. সোমপ্রকাশ পত্রিকা
D. বঙ্গদর্শন

তালিকা-II

I. নবগোপাল মিত্র
II. দ্বারকানাথ বিদ্যাভূষণ
III. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
IV. কেশব সেন

অপশনসমূহ:

1. A-II, B-IV, C-III, D-I
2. A-III, B-IV, C-I, D-II
3. A-IV, B-I, C-II, D-III
4. A-II, B-III, C-I, D-IV *[UGC NET JUNE 2026]*

**৩.** ঠিক উত্তরটি চিহ্নিত করুন। শাসক ইংরেজের চণ্ডমূর্তি যে প্রতিবাদে নির্মমভাবে ধরা পড়ল-

অপশনসমূহ:

1. বঙ্গভঙ্গ আন্দোলন
2. সিপাহী বিদ্রোহ
3. অসহযোগ আন্দোলন
4. স্বদেশী আন্দোলন *[UGC NET JUNE 2026]*

**৪.** উপরিলিখিত গদ্যাংশ থেকে কয়েকটি শুদ্ধ অশুদ্ধ তথ্য দেওয়া হল:

A. উনিশ শতকের দ্বিতীয়ার্ধে মধ্যবিত্ত শিক্ষিত সম্প্রদায় ইংরেজ শাসনের কাছে বশ্যতা স্বীকার করল।

B. শাসক ইংরেজের চণ্ডমূর্তি সিপাহী বিদ্রোহে অত্যন্ত নির্মমভাবে ধরা পড়ল।

C. বাঙালী সমাজনেতা, দেশনেতা সাময়িক পত্রের কর্ণধার সকলেই একযোগে ইংরেজ শাসনের বিরুদ্ধে রুখে দাঁড়ালেন।

D. শ্বেতদ্বীপ থেকে আসা ইংরাজ বাহাদুর অতিকষ্টে কালা আদমির কল্যাণের জন্য এদেশ শাসন করছিলেন।

E. ক্রমশ দেশপ্রেমের অনুরাগ ভারতীয় জনমানসে রাজনৈতিক চেতনা সম্পন্ন নেতাদের মনে জেগে উঠল। নীচের বিকল্পগুলির মধ্যে যেখানে সবগুলি শুদ্ধ, সেটি হল:

1. A & C only
2. B, C & E only
3. A & D only
4. A & B only *[UGC NET JUNE 2026]*

**৫.** প্রদত্ত বাক্যাংশ থেকে কয়েকটি বাক্য অবিন্যস্তভাবে দেওয়া হল:

A. উনিশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকে বাংলা সাহিত্যে যথার্থ আধুনিকতার বিকাশ হয়।

B. মধ্যবিত্ত শিক্ষিত সমাজ শ্বেতাঙ্গ বর্বরতার বিরুদ্ধে রুখে দাঁড়ালেন।
C. সমাজে চেতনার বিস্ফোরণ গদ্যসাহিত্যে প্রতিফলিত হয়েছে।
D. কেশব সেনের ভারত সংস্কার সভায় (১৮৭০) গণতন্ত্র ও স্বায়ত্তশাসন কামনা করা হয়েছিল।
E. রঙ্গলাল-হেমচন্দ্রের স্বদেশানুরাগের কবিতা — সর্বত্র নবজীবনের হৃদস্পন্দনে উপলব্ধি হতে লাগল। নিচে প্রদত্ত হল সঠিক সংকেত :

1. C, B, A, D, E
2. A, B, D, C, E
3. B, A, C, D, E
4. D, E, B, A, C *[UGC NET JUNE 2026]*

**প্যাসেজ ২**

নিচে একটি গদ্যাংশ দেওয়া হল। পরবর্তী প্রশ্নগুলির উত্তর এই গদ্যাংশ অবলম্বনে দিতে হবে:-

ভাষা মানুষের জন্মসূত্রে পাওয়া। তাহা এতটাই স্বাভাবিক যে চলাফেরা বা শ্বাসক্রিয়ার মতো স্বয়ংক্রিয় বৃত্তি বলিয়া মনে হয়। কিন্তু ভাষা মানুষের জন্মলব্ধ সংস্কার অথবা শরীরচেষ্টাগত অভ্যাস মাত্র নহে। মানবশিশু অরণ্যে পশু কর্তৃক লালিত হইলে সে বাক্শক্তিহীন হয়। মানুষের মধ্যে বুদ্ধিপ্রাপ্ত শিশুর বিবিধ মানসিক ও সামাজিক ধারণার মতো ভাষাও সংসার-সমাজ সংসর্গে বিকাশ লাভ করে। যেহেতু শিশুমন বিকাশ লাভ করে, ভাষা ব্যবহারের সঙ্গে সঙ্গে আগাইয়া যায়; সেহেতু মাতৃভাষা লাভে সে কখনই সজ্ঞান চেষ্টা অনুভব করে না। মানুষমাত্রেই কোন না কোন সংসার-সীমানার অথবা সমাজগোষ্ঠীর অন্তর্গত। স্বাভাবিক অবস্থায় কোন ব্যক্তি সংসার অথবা সমাজ বিরহিত নয়। যে সংসার বা সমাজের মধ্যে মানুষ বাস করে সে সংসার ও সমাজভুক্ত অন্যান্য ব্যক্তিদের সঙ্গে তাহার চিন্তা উদ্দেশ্য এবং কর্মগত সমতা কিছু না কিছু থাকিবেই। ভাষা এই সমতার প্রধান সাধন। ভাষার মধ্য দিয়াই আদি মানুষের সামাজিক প্রবৃত্তির প্রথম অঙ্কুর প্রকাশ পাইয়াছিল। ভাষা এই সামাজিক প্রবৃত্তি নানা দিকে নানাভাবে প্রসারিত হইয়া আদি নরকে পশুত্বের অন্ধজড়তা হইতে উদ্ধার করিয়া তাহাকে মননশীল করিয়াছে। প্রকৃতির দাসত্ব হইতে মুক্তি পাইয়া মানুষ প্রকৃতির প্রভুত্বের অধিকারী হইয়াছে। ভাষা চিন্তার শুধু বাহনই নয়, চিন্তার প্রসূতিও। লতা যেমন মঞ্চ অবলম্বন না পাইলে বাড়িতে পারেবিধা পারে না, চিন্তাও তেমনি ভাষা-অবলম্বন ব্যতিরেকে বিচরণ করিতে অক্ষম। পশুর সমাজ নাই এবং তাহা থাকিবার কথাও নয়। পশু একাকী অথবা জোড় বাঁধিয়া কিংবা দল লইয়া ঘুরিয়া বেড়ায়। কিন্তু পশুর দল পশুর 'সমাজ' নয়, সে দলে একমাত্র পুরুষ-প্রাণী - কর্তা। সে দলকে সমাজ নয়, বরং পরিবার বলিতে পারি। পশুর জীবনধারণ শুধু বাঁচিয়া থাকা, সুতরাং তাহার পক্ষে ভাষা নিতান্ত অনাবশ্যক। তবে শারীরিক প্রয়োজনে অনেক পশু বিশেষ ডাক ডাকে।

**১.** উদ্ধৃত গদ্যাংশ থেকে অবধারিত সম্পর্কিত বক্তব্যের ভাব দুটি তালিকায় বিন্যস্ত করা হল:

তালিকা-I
A. বিশেষ ভাষা-বৃত্তি মানুষের মুখে ভাষা জোগায়
B. পশুর জীবন-ধারণ শুধু বেঁচে থাকা
C. মানুষ প্রকৃতির দাসত্ব থেকে মুক্তি পেয়েছে
D. লতা মঞ্চ অবলম্বন করে

তালিকা-II
I. চিন্তাও ভাষা অবলম্বন করে
II. ভাষা-বৃত্তি পশুর ডাকে পাওয়া যায় না
III. পশুর পক্ষে ভাষা নিতান্ত অনাবশ্যক
IV. মানুষ প্রকৃতির প্রভুত্ব পেয়েছে

অপশনসমূহ:
1. A-II, B-I, C-III, D-IV
2. A-I, B-II, C-III, D-IV
3. A-II, B-III, C-IV, D-I
4. A-III, B-II, C-I, D-IV *[UGC NET JUNE 2026]*

**২.** ঠিক উত্তরটি চিহ্নিত করো:
শিশুর ভাষা আয়ত্তীকরণ হয় –
অপশনসমূহ:
1. জন্মলব্ধ সংস্কারে
2. শরীরগত চেষ্টায়
3. স্বয়ংক্রিয় বৃত্তি বলে
4. সংসার ও সমাজের মধ্যে

**৩.** পূর্বোক্ত গদ্যাংশ থেকে শুদ্ধ ও অশুদ্ধ তথ্য দেওয়া হল:
A. পশুর আদিম অন্ধজড়তা ছিল নরকতুল্য
B. আদিম নরকে পশুতত্ত্বের অন্ধজড়তা ছিল
C. আদিম নরের পশুত্বের অন্ধজড়তা ছিল
D. আদিম পশুতত্ত্বের কারণে নরকের অন্ধজড়ত্ব ছিল
ঠিক বিকল্পটি চিহ্নিত করো:
1. A ও D ঠিক
2. C ও D ঠিক
3. C ঠিক
4. A ঠিক

**8.** পূর্বে উদ্ধৃত গদ্যাংশ থেকে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ তথ্য দেওয়া হল:
পশুর ভাষার প্রয়োজন নেই –
A. পশুর সমাজ নেই বলে
B. তার শুধু বাঁচার অতিরিক্ত কিছু নেই বলে
C. পশুর দলে একটি মাত্র পুরুষ-প্রাণী থাকে বলে
D. শারীরিক প্রয়োজনে পশু বিশেষ ডাক ডাকে বলে
নিচের বিকল্পের মধ্যে শুদ্ধটি হল:
1. A & C
2. A & D
3. B
4. A

**৫.** ঠিক উত্তরটি চিহ্নিত করুন: আদিম নর কিভাবে পশুত্বের অন্ধজড়তা থেকে প্রকৃতির প্রভুত্বের অধিকারী হয়েছে?
অপশনসমূহ:
1. সংসার ও সমাজের মধ্যে বাস করে
2. দলে দলে ঘুরে বেড়িয়ে
3. পশু শিকার করে
4. পশুর ভাষাকে রপ্ত করে

## UGC NET DECEMBER 2025

**প্যাসেজ ১ (বঙ্গভূমির ইতিহাস)**

"সুবৃহৎ বঙ্গভূমি তখন নানা অংশে বিভক্ত ছিল। যেমন- রাঢ়, বঙ্গ, সমতট, হরিকেল, বরেন্দ্র, কর্ণসুবর্ণ, তাম্রলিপ্ত ইত্যাদি। অনেকের মতে, বঙ্গজাতির দ্বারা অনুষ্ঠিত যে অঞ্চল, সেটাই বঙ্গদেশ। বঙ্গ শব্দ থেকে 'বঙ্গাল'-এর উৎপত্তি, যার নিদর্শন মেলে একাদশ-দ্বাদশ শতক থেকে। উত্তরবঙ্গে এক জাতির অস্তিত্ব ছিল প্রাচীন যুগে, যারা পুঞ্জ জাতি নামে পরিচিত ছিল। এদেরই অধিষ্ঠান পুণ্ড্রবর্ধন নামে খ্যাত, যার পূর্বনাম পুণ্ড্রনগর। এই পুণ্ড্রনগরেই পাওয়া গিয়েছিল মহাস্থানগড় লিপি, যা বাংলায় লিপিলেখনের আদিতম দৃষ্টান্ত। লিপিটি ছিল ব্রাহ্মী অক্ষরে উৎকীর্ণ। প্রাচীন বঙ্গভূমির একটি অংশ আবার গৌড় নামে চিহ্নিত ছিল। সপ্তম শতকের হিন্দু রাজা শশাঙ্ক ছিলেন এই গৌড়ের অধিপতি। এই সময়ে যেসব সাহিত্যরীতি গড়ে ওঠে তাদের মধ্যে অন্যতম হল গৌড়ী রীতি, যার শ্রেষ্ঠ নিদর্শন মেলে বাণভট্টের হর্ষচরিতে।

Copyright © 2026 BAIO Learn Together. All Rights Reserved. | Download App for Class, Mock Test, Note, PYQ etc | |

১. বেকন
২. শেলি
৩. শেক্সপিয়র
৪. ভার্জিল

**৯৯.** পূর্বোক্ত গদ্যাংশ থেকে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ তথ্য দেওয়া হল:

A. অষ্টাদশ শতকের বাঙালি সংস্কৃতিতে ছিল নাগরিক সংস্কৃতির ছোঁয়া।

B. ইংরেজ আগমনের অব্যবহিত পরে হিন্দু সমাজে সংস্কৃতর চর্চা ছিল।

C. মধ্যযুগের গ্রামীণ সংস্কৃতি জাতীয় জীবনকে নিয়ন্ত্রণের চেষ্টা করত।

D. বাঙালি মনীষ্য হোমার, মিলটন, আরিস্তোতলের সঙ্গে পাল্লা দেবার উপযোগী হিসেবে পেয়েছিল ব্যাস, বাল্মীকি, কালিদাসকে।

E. গ্রামীণ জীবনে নিখিল ভারতীয় শক্তিসঞ্চারের প্রেরণা হয়েছিলেন ভারতচন্দ্র, কৃত্তিবাস।

নিচের বিকল্পগুলির মধ্যে যেখানে সবগুলি শুদ্ধ সেটি হল—

১. A & C Only
২. B & C Only
৩. B & D Only
৪. D & E Only

১০০. অষ্টাদশ শতকের শেষভাগ পর্যন্ত বাঙালি সংস্কৃতিতে যা ছিল —

১. জ্ঞান-বিজ্ঞানের চর্চা
২. নাগরিক সংস্কৃতির ছোঁয়া
৩. জটিল দার্শনিক তত্ত্বচর্চা
৪. জাতীয় জীবন নিয়ন্ত্রণের চেষ্টা

**উত্তরপত্র (Answer Key)**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৪ | ২৬ | ১ | ৫১ | ১ | ৭৬ | ৩ |
| ২ | ৪ | ২৭ | ২ | ৫২ | ৩ | ৭৭ | ৩ |
| ৩ | ৪ | ২৮ | ৩ | ৫৩ | ২ | ৭৮ | ৪ |
| ৪ | ৪ | ২৯ | ৪ | ৫৪ | ১ | ৭৯ | ৩ |
| ৫ | ২ | ৩০ | ৩ | ৫৫ | ২ | ৮০ | ৩ |
| ৬ | ২ | ৩১ | ৪ | ৫৬ | ১ | ৮১ | ১ |
| ৭ | ৩ | ৩২ | ৩ | ৫৭ | ৩ | ৮২ | ২ |
| ৮ | ৩ | ৩৩ | ২ | ৫৮ | ৩ | ৮৩ | ২ |
| ৯ | ২ | ৩৪ | ২ | ৫৯ | ৩ | ৮৪ | ৩ |
| ১০ | ২ | ৩৫ | ১ | ৬০ | ৩ | ৮৫ | ১ |
| ১১ | ৪ | ৩৬ | ২ | ৬১ | ৪ | ৮৬ | ৪ |
| ১২ | ১ | ৩৭ | ৪ | ৬২ | ১ | ৮৭ | ৩ |
| ১৩ | ৪ | ৩৮ | ৩ | ৬৩ | ৩ | ৮৮ | ৪ |
| ১৪ | ৩ | ৩৯ | ১ | ৬৪ | ৩ | ৮৯ | ২ |
| ১৫ | ৩/৪ | ৪০ | ৪ | ৬৫ | ১ | ৯০ | ১ |
| ১৬ | ২ | ৪১ | ৩ | ৬৬ | ১ | ৯১ | ৩ |
| ১৭ | ১ | ৪২ | ২ | ৬৭ | ২ | ৯২ | ২ |
| ১৮ | ১ | ৪৩ | ৩ | ৬৮ | ২ | ৯৩ | ৪ |
| ১৯ | ৩ | ৪৪ | ৪ | ৬৯ | ৩ | ৯৪ | ১/২ |
| ২০ | ৩ | ৪৫ | ১ | ৭০ | ৩ | ৯৫ | ৩ |
| ২১ | ১ | ৪৬ | ১ | ৭১ | ৩ | ৯৬ | ২ |
| ২২ | ১ | ৪৭ | ৩ | ৭২ | ৪ | ৯৭ | ১ |
| ২৩ | ১ | ৪৮ | ৩ | ৭৩ | ৪ | ৯৮ | ৪ |
| ২৪ | ১ | ৪৯ | ৪ | ৭৪ | ১ | ৯৯ | ৩ |
| ২৫ | ৪ | ৫০ | ২ | ৭৫ | ২ | ১০০ | ৩ |

# Full Set – 2 UGC NET June 2025

**১.** বিভিন্ন যুক্তব্যঞ্জনের স্বচ্ছন্দ ব্যবহার প্রচলিত ছিল-

১. মধ্য ভারতীয় আর্য ভাষায়
২. ক্লাসিক্যাল সংস্কৃতে
৩. প্রাচীন ভারতীয় আর্য ভাষায়
৪. নব্য ভারতীয় আর্য ভাষায়

**২.** 'অসক্তো হ্যাচরন্ কর্ম পরমাপ্নোতি পুরুষঃ' – এটি কোন স্তরের ভাষার নিদর্শন?

১. ক্লাসিক্যাল সংস্কৃত
২. বৈদিক সংস্কৃত
৩. মধ্য ভারতীয় আর্য ভাষা
৪. প্রাচীন ভারতীয় আর্য ভাষা

**৩.** প্রাচীন ভারতীয় আর্য ভাষায় তথা বৈদিকে ক্রিয়ার ভাব ছিল –

১. তিনটি
২. চারটি
৩. পাঁচটি
৪. ছয়টি

**৪.** প্রাচীন বাংলার ছন্দোরীতিতে কত মাত্রার দোহা পাওয়া যায়?

১. ১৬
২. ২৪
৩. ৩০
৪. ২০

**৫.** চৈতন্যভাগবত-এর আদিখণ্ডের একটি উদ্ধৃতি দেওয়া হল- 'কুম্ভীপাক হয় বিষ্ণুনিন্দন শ্রবণে'- 'কুম্ভীপাক' কী?

১. নরক
২. স্বর্গ
৩. মর্ত্য
৪. অমৃত

**৬.** চৈতন্যভাগবতের আদিখণ্ডে হরিদাস বৃত্তান্ত কোন অধ্যায়ে বর্ণিত হয়েছে?

১. একাদশ
২. দ্বাদশ
৩. চতুর্দশ
৪. পঞ্চদশ

**৭.** 'এই বর মাগি তোমা সভার গোচরে প্রাতে সন্ধ্যাকালে জেই মোর নাম লব। নাগগণ হইতে তার সংশয় নইব।।' – মহাভারতের আদি পর্বে এই উক্তিটির বক্তা কে?

১. কশ্যপ
২. আস্তিক
৩. ভরদ্বাজ
৪. জরৎকারু

**৮.** মনসামঙ্গলকাব্যে কার ষড়যন্ত্রে ঊষার নৃত্যের তাল ভঙ্গ হয়?

১. মনসা
২. বেহুলা
৩. অনিরুদ্ধ
৪. কমলা

**৯.** 'কি দিয়া বাঁধানো বুক? বুঝ না পরের দুখ।।' – 'সাধের আসন' কাব্যের সর্গনাম অনুসারে এটি কোন স্বর্গের অন্তর্ভুক্ত?

১. মাধুরী
২. নন্দন কানন
৩. মায়া
৪. অমরাবতীর প্রবেশপথ

Copyright © 2026 BAIO Learn Together. All Rights Reserved. | Download App for Class, Mock Test, Note, PYQ etc | |

**১০.** 'অন্ধকার প্রেক্ষাগৃহে খরদীপ্ত _ _ _ _ বোল ছড়াবার আগের মুহূর্তে আভঙ্গআয়ত' বিষ্ণু দে-র 'জল দাও' কবিতা থেকে নেওয়া লাইনটিতে শূন্যস্থানে সঠিক শব্দটি হবে –

১. রঙ্গমঞ্চে
২. গীতমঞ্চে
৩. নাট্যমঞ্চে
৪. নৃত্যমঞ্চে

**১১.** 'তাহলে কি অসময়ে ফিরেছে প্রমথ _ _ _ _ প্রেরণায়?' - সুধীন্দ্রনাথ দত্তের 'সংবর্ত' কবিতা থেকে নেওয়া এই লাইনটির শূন্যস্থানে নিচের কোন শব্দটি সঠিক হবে?

১. প্রাজ্ঞের
২. সমালোচকের
৩. নিন্দুকের
৪. বাঙালীর

**১২.** নিম্নে প্রদত্ত সমর সেনের কোন কবিতাটিতে 'ক্লান্ত' শব্দটির ব্যবহার পাওয়া যায় না?

১. একটি বেকার প্রেমিক
২. মেঘদূত
৩. মুক্তি
৪. উর্বশী

**১৩.** 'মনুষ্যচরিত্র লইয়া প্রকৃতির এক বিচিত্র পরিহাস দেখা যায়, যাহার বুদ্ধি যত কম সে নিজেকে তত বেশি বুদ্ধিমান মনে করে।' শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসে কাকে কেন্দ্র করে এ-কথা বলা হয়েছে?

১. বলরাম
২. বিদ্যুন্মালা
৩. চিপিটকমূর্তী
৪. অর্জুনবর্মা

**১৪.** 'অতি শীতল মলয়ানিল মন্দ মন্দ বহনা- সখিবিহনে অঙ্গ হামারি মদনানলে দহনা।' তারাশংকর বন্দ্যোপাধ্যায়ের 'রাধা' উপন্যাসে গানটি কে গেয়েছেন?

১. কৃষ্ণদাসী
২. দাস-সরকার
৩. জয়সিংহ
৪. কৃষ্ণদেব

**১৫.** 'একদিন অপরাহ্ন-কালে সংবাদ পাওয়া গেল যে, একটি বৃদ্ধা ব্রাহ্মণী ও-পাড়ায় সকাল হইতে মরিয়া পড়িয়া আছেন – কোনমতেই তাঁহার সৎকারের লোক জুটে নাই।' শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) অবলম্বনে সৎকারের লোক না জোটার হেতুটি কী?

১. তিনি 'বিলাত-ফেরত' এবং সে সময়ে 'একঘরে'
২. তিনি 'কাশীবাসিনী' এবং 'রোগগ্রস্ত'
৩. তিনি 'অত্যন্ত শাস্ত্রবিরুদ্ধ' কাজ করেছেন এবং 'কেশচ্ছেদ' করেননি
৪. তিনি 'কাহারও বাটীতে' যাননি এবং 'বিনা চিকিৎসায়' মারা গেছেন

**১৬.** 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে গৌরাঙ্গসুন্দরের বউ উঠানের একদিকে কী গাছ লাগিয়েছিল?

১. আম
২. কাঁঠাল
৩. ডালিম
৪. ছাতিম

**১৭.** 'নিম অন্নপূর্ণা' গল্পের একটি অংশ নিচে দেওয়া হল – '____ - এ সবে তার যেমন বা সকল কিছু বোধগম্য পরিষ্কার লাগে,' -শূন্যস্থানে ঠিক শব্দটি বসাও।

১. লাথি-ঝাঁটা
২. ঝাঁটা-লাথি
৩. কর্কশ কণ্ঠস্বর
৪. ভয়ঙ্কর কাশি

**১৮.** 'পদিপিসির বর্মিবাক্স' থেকে এই অংশটি দেওয়া হল – 'ঘটনাক্রমে গম্বুজের ভিতরকার এই ____ আবিষ্কার করিয়াছি।' শূন্যস্থান পূরণ করো-

১. পুথি
২. ফোপঁরা
৩. ছেঁড়া হলদে কাগজ
৪. নির্জন স্থান

**১৯.** সীতানাথ গুণ গুণ করিয়া রাগিণী ধরিলেন – 'ছাড়ো মন বিষয়েরই ভাবনা ____ শুধু রাধানাথো পদো করো চিন্তা অনিবার।' শূন্যস্থানে নিচের কোন শব্দটি বসবে?

১. সকল
২. অসার
৩. আধার
৪. সবার

**২০.** 'পাদরী বেড়া ধরে বেপথুমান। বিদ্যুতের আলো পড়ল, চোখ বড় বড় করে বললেন, 'তাহলে ____?' শূন্যস্থানটি পূরণ করো।

১. কি হবে
২. তুমি
৩. এখন
৪. এসো

**২১.** মীর মশাররফ হোসেনের 'জমীদার দর্পণ' নাটকের শেষ গান 'কবে পোহাইবে ভবে এই দুঃখ বিভাবরী'-টি কোন রাগিণীতে রচিত বলে নাটকে উল্লেখ রয়েছে?

১. বাগেশ্রী
২. ললিত
৩. মল্লার
৪. খাম্বাজ

**২২.** মোহিত চট্টোপাধ্যায়ের 'সিংহাসনের ক্ষয়রোগ' নাটকে 'আমাদের সুকৌশল বৃত্তের বাইরে একটি লোকই রয়েছে' – দুর্গশাসক কার সম্পর্কে এই কথা বলেছেন?

১. সেনাধ্যক্ষ
২. রাণী
৩. বৈজ্ঞানিক
৪. চিত্রকর

**২৩.** 'কেউ বলে ধান নাকি এত হয়েছে যে কাটবার পর্যন্ত লোক পাওয়া যাচ্ছে না। তাই চাষি লোকদের সব গেরামে পাঠিয়ে দিচ্ছে।' – বিজন ভট্টাচার্যের 'নবান্ন' নাটকে এই উক্তিটি কার?

১. ১ম ভিখারির
২. ২য় ভিখারির
৩. ৩য় ভিখারির
৪. জনৈক বৃদ্ধ ভিখারির

**২৪.** 'জনা' নাটকে প্রবীরকে খোঁজার জন্য চতুর্দিকে কত যোজন অন্বেষণ করা হয়েছে?

১. দশ যোজন
২. দ্বাদশ যোজন
৩. ষোড়শ যোজন